বসুমতী-শাস্ত্র-প্রচার

মনু-সংহিতা

সর্ব্বকালদর্শী—মহাপ্রাজ্ঞ—ভগবান্ মনুর বিশ্ব-হিত-চিন্তা।

ত্রিকালদর্শী মহর্ষি ভৃগুর সমাজ-কল্যাণ-সিদ্ধান্ত।

সমাজ-নীতি শিক্ষাগুরু ঋষিপ্রবর

মেধাতিথির ভাষ্য।

ব্রাহ্মণ্য-গৌরব কুল্লূক ভট্টাচার্য্যের

মন্বর্থ-মুক্তাবলী টীকা।

সংস্কৃত কলেজের স্মৃতিশাস্ত্রের স্বনামধন্য অধ্যাপক—
বঙ্গগৌরব স্মার্ত্তপ্রবর ভরতচন্দ্র শিরোমণির

সরল বঙ্গানুবাদ।

বেদান্ত শাস্ত্রে সুপণ্ডিত—মহামহোপাধ্যায়
শ্রীযুত প্রমথনাথ তর্কভূষণের

বিশদ ভূমিকা।

বহু শাস্ত্রগ্রন্থ অনুবাদক—সম্পাদক—প্রচারক—সৎসাহিত্য ও শাস্ত্রগ্রন্থপ্রচার-ব্রত

উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত সংস্করণের আদর্শে

তাঁহারই প্রতিষ্ঠিত বসুমতী-সাহিত্য-মন্দির হইতে

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

সুপরিশুদ্ধ—সুপ্রামাণ্য—বিরাট চতুর্থ সংস্করণ।

পণ্ডিত শ্রীযুক্ত নৃত্যগোপাল পঞ্চতীর্থ
সংশোধিত
কলিকাতা, ১১৬ নং বহুবাজার ষ্ট্রীট
"বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিনে"
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত

প্রথম সংস্করণের ভূমিকা

"এতমেকে বদন্ত্যগ্নিং মনুমন্যে প্রজাপতিম্। ইন্দ্রমেকে পরে প্রাণং অপরে ব্রহ্ম শাশ্বতম্।" **মনুই অগ্নি, মনুই প্রজাপতি, মনুই ব্রহ্ম।** "তং মাং বিত্তাস্য সর্ব্বস্য স্রষ্টারং দ্বিজসত্তমাঃ॥" মনু নিজেই আত্মপরিচয় দিতেছেন,—সেই বিরাট্ পুরুষ বহুকাল তপস্যা করিয়া যাহাকে সৃষ্টি করিলেন, আমিই সেই মনু। "অহং প্রজাঃ সিসৃক্ষুস্তু তপস্তপ্ত্বা সুদুশ্চরম্। পতীন্ প্রজানাম্ অসৃজং মহর্ষীনাদিতো দশ॥" স্বয়ম্ভু ব্রহ্মা মনুরূপে সৃষ্টি করিবার অভিলাষে বহুকাল তপস্যা করিয়া সৃজন-সমর্থ মরীচ্যাদি দশ জন প্রজাপতির সৃষ্টি করিয়াছেন। তাঁহারা দেব, দানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, পিশাচ এবং পিতৃগণের সৃষ্টি করিয়াছেন। ঋক্ যজুঃ সাম অথর্ব্ব চারিবেদেই মনুর মাহাত্ম্য কীর্ত্তিত হইয়াছে। "যৎকিঞ্চিৎ মনুরবদৎ তদ্বৈ ভেষজম্"। মনু যাহা বলিয়াছেন, তাহাই ভেষজস্বরূপ,—অশেষ মঙ্গলের নিদান—স্বয়ং বেদ-পুরুষ এই কথা বলিয়াছেন। বৃহস্পতিও বলিয়াছেন, "বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্। মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে॥" **মনুর স্মৃতিই প্রধান,** ইহাতেই বেদের অর্থমাহাত্ম্য সন্নিবেশিত হইয়াছে—ভগবান্ মনুর প্রামাণ্য সিদ্ধান্তের সহিত যে সকল স্মৃতিনিবন্ধের অর্থ-বিরোধ—মতবৈষম্য হয়, সে সকল স্মৃতি-সিদ্ধান্ত প্রশস্ত নয়—প্রামাণ্য নয়। অন্যত্র উক্ত হইয়াছে—"তাবচ্ছাস্ত্রাণি শোভন্তে তর্কব্যাকরণানি চ। ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনুর্যাবন্ন দৃশ্যতে"—তর্কব্যাকরণাদি শাস্ত্রমত ততক্ষণই সুসঙ্গত বলিয়া মনে হয়, যে পর্য্যন্ত ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনীষী মনুর প্রামাণ্য-সিদ্ধান্তরাশি না দেখা যায়। মহাভারতেও আছে,—"পুরাণং মানবো ধর্ম্মঃ সাঙ্গো বেদশ্চিকিৎসিতম্। আজ্ঞাসিদ্ধানি চত্বারি ন হন্তব্যানি হেতুভিঃ।" মনুসংহিতা আজ্ঞাসিদ্ধ শাস্ত্র, শ্রীভগবানের প্রতিকূল তর্ক দ্বারা এ সর্ব্বকালজয়ী সিদ্ধান্তের পরাভব করা যায় না। মনু স্বয়ংই বলিতেছেন; "ইদং শাস্ত্রমধীয়ানো ব্রাহ্মণঃ সংশিতব্রতঃ। মনোবাগ্দেহজৈর্নিত্যং কর্ম্মদোষৈর্ন লিপ্যতে॥ পুনাতি পংক্তিং বংশ্যাংশ্চ সপ্ত সপ্ত পরাবরান্। পৃথিবীমপি চৈবেমাং কৃৎস্নামেকোঽপি সোঽর্হতি॥ ইদং স্বস্ত্যয়নং শ্রেষ্ঠং ইদং বুদ্ধিবিবর্দ্ধনম্। ইদং যশস্যমায়ুষ্যং ইদং নিঃশ্রেয়সং পরম্॥" যে ব্রাহ্মণ নিয়মপূর্ব্বক প্রতিদিন এই মনুসংহিতা অধ্যয়ন করেন, তিনি মানসিক, বাচনিক বা কায়িক কোন পাপে লিপ্ত হয়েন না; তিনি পঙ্‌ক্তি পবিত্র করেন এবং পিত্রাদি সপ্ত পূর্ব্বপুরুষ ও পুত্রাদি অধঃ সপ্তপুরুষ পবিত্র করেন; তিনি এরূপ পবিত্র হয়েন যে, স্বয়ং বিশ্বপালক শ্রীভগবানের দিব্যজ্ঞান-প্রভাবে তিনি বিশ্বজয় করেন।

এই মনুশাস্ত্রের অধ্যয়ন মহা স্বস্ত্যয়নস্বরূপ,—জ্ঞানবর্দ্ধন, যশস্কর, আয়ুষ্কর এবং মোক্ষপ্রদ। বেদ, মহাভারত, রামায়ণ, স্মৃতি, পুরাণ ও তন্ত্রাদি সর্ব্বশাস্ত্রেই মনুর মাহাত্ম্য সুকীর্ত্তিত। মনু অধ্যয়ন—অনুশীলন সর্ব্বপাপহর,—সংসারে অশেষ কল্যাণ-শান্তিপ্রদ বলিয়া মহাজ্ঞানী আর্য্য ঋষিগণ বলিয়াছেন—**মনুসংহিতা বেদেরই সিদ্ধান্ত।** মনুসংহিতা হিন্দুসমাজে চির-সম্মাননীয়—পূজনীয় গ্রন্থ—এজন্য হিন্দুসমাজ আজও এই মহাগ্রন্থের পূজা করেন—সম্মান করেন। সপ্ত-পুরুষের মধ্যে মনু অধ্যয়ন না করিলে ব্রাহ্মণের পাতিত্য হয়—আবহমানকাল হইতে

ব্রাহ্মণসমাজের এই ধারণা চলিয়া আসিতেছে। এই মহাগ্রন্থে সমুদয় ধর্ম্ম-সংস্কার অভিহিত হইয়াছে, বিহিত ও নিষিদ্ধ কর্ম্ম সমুদায় বর্ণিত হইয়াছে এবং চতুর্ব্বর্ণের আচার-ব্যবহার কথিত হইয়াছে। ইহাতে জগতের উৎপত্তিক্রম, জাতকর্ম্মাদি সংস্কারসমূহের অনুষ্ঠান, ব্রহ্মচারীর কর্ত্তব্য, গুরুগণের অভিবাদন, গুরুকুল হইতে প্রত্যাবৃত্ত ব্রহ্মচারীর গৃহস্থাশ্রম-প্রবেশ, চতুর্ব্বর্ণের বিবাহ, বৈশ্বদেবাদি পঞ্চমহাযজ্ঞ ও নিত্যকর্ত্তব্য শ্রাদ্ধাদি সুবর্ণিত হইয়াছে। কোন্ কোন্ বর্ণ কি কি উপায়ে জীবিকা নির্ব্বাহ করিবে, গৃহীর কর্ত্তব্য কি কি, ভক্ষ্যাভক্ষ্য, শৌচাশৌচ ও শুদ্ধি-অশুদ্ধির সমুদয় কথা ইহাতে নিরূপিত —মীমাংসিত হইয়াছে। গার্হস্থ্যধর্ম্ম, স্ত্রীলোকের ধর্ম্ম, বানপ্রস্থ ধর্ম্ম, সন্ন্যাসধর্ম্ম, রাজধর্ম্ম, ঋণদান, দায়ভাগ, দ্যূতবিধান, সাক্ষ্যপ্রদান ও দণ্ড-বিধান, বৈশ্য ও শূদ্রধর্ম্ম, সাঙ্কর্য্যবর্ণের উৎপত্তি, চতুর্ব্বর্ণের আপৎকালের বিধান, প্রায়শ্চিত্তবিধান ও মোক্ষধর্ম্মাদি—যাহা কিছু লোকস্থিতির জন্য প্রয়োজন, হিন্দুধর্ম্মের সে সমুদয় বিধি-বিধানই মনুসংহিতায় নিবদ্ধ। প্রকৃতপক্ষে মনুসংহিতা না পড়িলে হিন্দুধর্ম্মের কোন তত্ত্বই বিশেষরূপে জানা যায় না। হিন্দুধর্ম্ম যে সনাতন—জগতে একমাত্র সত্য-সিদ্ধান্ত, মনুপাঠে তাহা বিশেষভাবে জানা যায়।

মনুষ্য-সমাজে ধর্ম্মভাবাপন্ন হইতে হইলে সমাজমধ্যে জ্ঞান, ধর্ম্ম ও আচারের তারতম্যানুসারে বর্ণ-ভেদে যে সকল প্রথা অত্যাবশ্যক ; জীবিকা-সংস্থান জন্য যে সেই সমাজের প্রত্যেক লোকের সে সকল বৃত্তিবিধান অতীব প্রয়োজনীয়—ব্রহ্মচর্য্য পালন না করিলে যে দ্বিজত্ব অর্থাৎ পশুভাব ঘুচিয়া গিয়া মনুষ্যের প্রকৃত মনুষ্যভাব লাভ হয় না—সমাজহিতকর কোন গুরুতর ব্রতে দীক্ষিত হওয়া যায় না—শৌচাচারপরায়ণ না হইলে যে সুপবিত্র ব্রহ্মভাব উদ্দীপিত হয় না—মৈথুন-প্রেরণা বিবাহবিধির নিয়ামক হইলে যে বিবাহবিধিই সমাজ হইতে উঠিয়া গিয়া মিশ্রবর্ণের উৎপত্তি হয়—নারীগণের যথেচ্ছা-চারিতায় প্রশ্রয় দিলে—প্রলোভনের দ্বার উন্মুক্ত রাখিলে যে সমাজে কোন মনুষ্যজনোচিত কার্য্যই সংসাধিত হইতে পারে না—পাপের জন্য প্রায়শ্চিত্ত না করিলে যে সেই সকল পাপক্ষালনের আর কোন উপায়ই নাই—আচার-নিষ্ঠা দ্বারাই যে লোকের দেহ, মন ও আত্মা সংগঠিত হয়—ইহলোককেই যে পিতৃ, ঋষি ও দেবলোকের সোপানস্বরূপ প্রত্যক্ষ জানিয়া সংসারের সমুদয় কার্য্য নিয়মিত করিতে হইবে—ভিন্ন ভিন্ন কর্ত্তব্যসাধন করিয়া যে মোক্ষে মনোনিবেশ করিতে হইবে—মনুপাঠে এ সমুদয় আর্ষ-জ্ঞান বিশেষরূপে লাভ হইবে। কি ধর্ম্ম, কি অর্থ, কি কাম, কি মোক্ষ—চতুর্ব্বর্গেরই সাধন কিরূপে করিতে হইবে, তাহা এই মহাগ্রন্থে অতি সুন্দরভাবে সুবর্ণিত। অপর কোন জাতির মধ্যে এরূপ সমৃদ্ধ জ্ঞানভাণ্ডার নাই বলিলেও অত্যুক্তি হয় না। মনুসংহিতা যে সর্ব্বজ্ঞ পুরুষের রচনা, মনু অধ্যয়নেই তাহা বিশেষরূপে প্রতীতি হইবে। যে দেশে—যে সমাজে মনুর ব্যবস্থা সর্ব্বতোভাবে কার্য্যে পরিণত হয়, যে দেশে আদর্শনীতি চির অক্ষুণ্ণ—সে দেশে যে রোগ, শোক, দুঃখ, দারিদ্র্য, পাপ, তাপ, অশান্তি, অমঙ্গল, অকালমৃত্যু, অসময়ে বার্দ্ধক্য, কিছুই থাকিতে পারে না, ইহা অসঙ্কোচে—নিঃসংশয়ে বলা যাইতে পারে।

এককালে হিন্দুগণ যে পৃথিবীমধ্যে সর্ব্বশ্রেষ্ঠ সুসভ্য শিক্ষিত জাতি বলিয়া পরিগণিত ছিলেন, তাহা এই ভগবান্ সর্ব্বজ্ঞ ত্রিকালদর্শী মনুর বিধিবিধান মান্য করাতে এবং আজও যে এত বিজাতীয়

ত্যাচার, তথাপি আমরা স্বতন্ত্রতা রক্ষা করিয়া আসিতেছি, তাহা এখনও আমরা কিয়ৎপরিমাণে এই সকল বিধি-বিধান মান্য করি বলিয়া—মনুর অভ্রান্ত সিদ্ধান্ত হৃদয়ঙ্গম করা—মাহাত্ম্য উপলব্ধি করা বর্ত্তমান ইংরাজী-সভ্যতা-ভাবাপন্ন শিক্ষিত সমাজের পক্ষে ক্রমেই অসম্ভব হইয়া পড়িতেছে।—এ প্রসঙ্গে মনু নিজেই বলিয়াছেন:—"নিষেকাদিশ্মশানান্তো মন্ত্রৈর্যস্যোদিতো বিধিঃ। তস্য শাস্ত্রেঽধিকারোঽস্মিন্ জ্ঞেয়ো নান্যস্য কস্যচিৎ॥" অর্থাৎ যাঁহাদের মৈথুনপ্রেরণায় জন্ম নয়, পরন্ত গর্ভাধানাদির দ্বারা দেবভাবে যাঁহাদের জন্ম হইয়াছে—জন্ম বিবাহ হইতে মৃত্যু পর্য্যন্ত প্রতিকর্ম্ম যাঁহাদের বেদবিধি অনুসারে অনুষ্ঠিত হইয়াছে, তাঁহারাই প্রকৃতপক্ষে এই শাস্ত্রের মর্ম্মগ্রাহী হইবেন। অপরে ইহার সূক্ষ্ম মর্ম্মে প্রবেশ করিতে পারিবে না। এই কারণ, "বিদুষা ব্রাহ্মণেনেদম্ অধ্যেতব্যং প্রযত্নতঃ। শিষ্যেভ্যশ্চ প্রবক্তব্যং সম্যক্ নান্যেন কেনচিৎ॥" অর্থাৎ বিদ্বান্ ব্রাহ্মণগণের যত্ন সহকারে এই গ্রন্থ অধ্যয়ন করা ও শিষ্যগণের মধ্যে ইহার আলোচনা করা একান্ত কর্ত্তব্য; অপর কাহারও নয় ইত্যাদি বাক্যে মনু এই গ্রন্থের অধিকারী নির্ণয় করিয়াছেন। পরন্তু দুঃখের বিষয়, আমাদের ব্রাহ্মণসমাজেও এই গ্রন্থের পঠন-পাঠন ক্রমেই অপ্রচলিত হইতেছে। নিঃস্ব ব্রাহ্মণগণের পক্ষে অধিক মূল্য দিয়া পুস্তক ক্রয় করা দুঃসাধ্য। এ পর্য্যন্ত একটিমাত্র টীকা দিয়া যে সকল মনু প্রচারিত হইয়াছে, ছয় টাকার কম মূল্যে তাহার একখানিও পাওয়া যায় না। এ জন্য বহু যত্নে টীকা ব্যাখ্যায় সমৃদ্ধ করিয়া, বহুল ব্যয়ভার স্বীকার করিয়া, সুলভ সংস্করণ মুদ্রণ প্রকাশে প্রবৃত্ত হইয়া, আচারনিষ্ঠ হিন্দুসমাজে প্রচারোদ্দেশ্যে মাত্র দুই টাকা মূল্য নির্দ্ধারিত করিলাম;—এবং বাজারে প্রচলিত সংস্করণগুলি অপেক্ষা যাহাতে বসুমতীর মনুসংহিতা নির্ভুল হয়, সে জন্যও যথাসাধ্য প্রয়াস পাইয়াছি। এমন কি, অল্পমাত্রায় যে সকল মুদ্রাকর প্রমাদ—ভুল মুদ্রিত হইয়াছিল, তাহাও শুদ্ধিপত্রে উল্লেখ করিয়াছি। অপরাপর সংস্করণে ভুল থাকিলেও কেহই শুদ্ধিপত্রে ভ্রম স্বীকার করেন নাই। এক্ষণে ভগবান্ শ্রীশ্রীরামকৃষ্ণদেবের অনুপ্রেরণায়, ব্রাহ্মণসমাজের আশীর্ব্বাদে, বসুমতী-সংস্করণ মনুসংহিতা হিন্দুসমাজে সাদরে গৃহীত—প্রচারিত হইলে শ্রম—অর্থব্যয়—প্রয়াস সার্থক হইবে। অলমতিবিস্তরেণ—

বসুমতী-কার্য্যালয়
৩নং বিডন ষ্ট্রীট
সন ১৩০৪

বিনীত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

তৃতীয় সংস্করণের নিবেদন

মনুসংহিতার তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। মনুসংহিতার দুইটি সংস্করণ এত শীঘ্র নিঃশেষিত হইতে দেখিয়া—বসুমতী-প্রকাশিত মনুসংহিতা স্বধর্ম্মনিষ্ঠ হিন্দুসমাজে সমাদৃত হইয়াছে বুঝিয়া, পরমানন্দ লাভ করিয়াছি; আমাদের শ্রম—যত্ন—প্রয়াস সার্থক হইয়াছে। বর্ত্তমান তৃতীয় সংস্করণটি আরও সমৃদ্ধ—কিরূপ বিশেষত্বপূর্ণ হইয়াছে, তাহা নিবেদন করিতেছি।

প্রায় ২৫ বৎসর পূর্ব্বে ভারতগৌরব, পরমহিন্দু মহর্ষি শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয় পরম যত্নে কুল্লুক ভট্টের টীকা, সংস্কৃত কলেজের স্মৃতিশাস্ত্রাধ্যাপক মনীষী আচার্য্য ভরতচন্দ্র শিরোমণি এবং তাঁহার সহযোগী পণ্ডিতপ্রবর যদুনাথ ন্যায়পঞ্চাননের বঙ্গানুবাদ সহ মনুসংহিতার প্রথম সংস্করণ, পরে কেবল টীকা দিয়া দ্বিতীয় সংস্করণ প্রকাশ করেন। ঐ দুইটি সংস্করণ নিঃশেষিত হওয়ায় এক্ষণে নিতান্ত দুষ্প্রাপ্য হইয়াছে—ধর্ম্মপ্রাণ হিন্দুগণের আগ্রহ বুঝিয়া, আমরা মহর্ষির নিকট তাঁহার সম্পাদিত মনুসংহিতার তৃতীয় সংস্করণ প্রকাশের জন্য অনুমতি প্রার্থনা করি। মহর্ষি শ্রীযুত দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয় আপনার মহান্ উদার স্বভাব-প্রসাদে নিঃস্বার্থভাবে তাঁহার সম্পাদিত মনুসংহিতা পুনর্মুদ্রণের জন্য আমাদিগকে তৎক্ষণাৎ অনুমতি প্রদান করেন। মহর্ষির অনুমতি অনুসারে শাস্ত্রতত্ত্ববিদ্ মহাপণ্ডিত মহাশয়দ্বয়ের অনুবাদ-সমন্বয়ে—কুল্লুক ভট্টের টীকা ও মেধাতিথির ভাষ্যে সমৃদ্ধ করিয়া, বসুমতী-সংস্করণ মনুসংহিতার তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। সুধীজন-সমাজে—সদাচার-নিষ্ঠ হিন্দুসম্প্রদায়ে, পূর্ব্ব পূর্ব্ব সংস্করণ অপেক্ষাও তৃতীয় সংস্করণটি বিশেষ সমাদৃত হইবে বলিয়া আশা করি।

বসুমতী-কার্য্যালয়
৯৬ নং বিডন ষ্ট্রীট,
সন ১৩০৯

বিনীত
উপেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

নিবেদন

বসুমতী-সাহিত্য-মন্দির হইতে সুদীর্ঘ ২৭ বৎসর পরে মনুসংহিতার অতি প্রামাণ্য সংস্করণ প্রকাশিত হইল। হিন্দুধর্ম্মের একনিষ্ঠ উপাসক, বহুধর্ম্মগ্রন্থের অনুবাদক, সম্পাদক, প্রচারক, বসুমতী-সাহিত্য-মন্দিরের প্রতিষ্ঠাতা, ভগবান্ শ্রীরামকৃষ্ণদেবের মন্ত্রশিষ্য, সুলভ সৎসাহিত্য-শাস্ত্র-গ্রন্থ-প্রচার-ব্রত স্বর্গীয় পিতৃদেব উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সর্ব্বদর্শী ভগবান্ মনুর সর্ব্বকালোপযোগী অভ্রান্ত-সিদ্ধান্ত, হিন্দুধর্ম্মের মহিমা-গৌরবান্বিত মনুসংহিতার তিনটি সংস্করণ সম্পাদন ও প্রকাশ করিয়া, নামমাত্রমূল্যে সম্পদ্‌বিহীন ব্রাহ্মণসমাজে প্রচার করিয়া, হিন্দুসমাজের পরমমঙ্গল-বিধান—হিন্দুধর্ম্মের গৌরবপ্রভা সম্প্রসারিত করিয়া গিয়াছেন।

সাহিত্য-সম্রাট্ বঙ্কিমচন্দ্রের গ্রন্থাবলীর মহাপ্রচারে বাঙ্গালার ঘরে ঘরে মাতৃপূজার "বন্দে মাতরম্" মন্ত্রপ্রচারের ভার গ্রহণ করিয়া, স্বর্গীয় পিতৃদেব শেষজীবনে আর মনুসংহিতার নূতন চতুর্থ সংস্করণ প্রকাশ করিবার অবসর পান নাই। সাহিত্য-সম্রাটের উত্তরাধিকারিগণকে প্রভূত অর্থ গ্রন্থ-স্বত্বরূপে প্রদান করিয়া এবং বাঙ্গালা সংবাদপত্রের অনাস্থা অনাদরের যুগে জাতীয় শক্তির অভ্যুদয়ের জন্য প্রবল প্রতাপ-প্রভাব-প্রচারান্বিত সুলভ মূল্যের বাঙ্গালা সংবাদপত্র সাপ্তাহিক—দৈনিক বসুমতী দেশের সর্ব্বস্তরে প্রচার-মানসে অমূল্য সাহিত্য-সম্পদ্‌রাজি নামমাত্র মূল্যে—উপহারে বিতরণের জন্য তিনি ঋণজালে বিজড়িত হইয়াছিলেন। এ জন্য তাঁহাকে জীবন-সংগ্রামে বিপর্য্যস্ত হইয়া, অকালে আত্মাহুতি প্রদান করিতে হইয়াছে। সৎসাহিত্য-প্রচার-ব্রতে তাঁহার প্রতিজ্ঞা ছিল যে,—রাজদ্বারে ধনীর প্রাসাদে ভিক্ষাপাত্র হস্তে—চাঁদার খাতা বগলে সমুপস্থিত হইয়া সাহায্য ভিক্ষা করিবেন না। জীবন-সাধনায় অত্যন্ত বিব্রত হইয়াও তিনি কোন দিন কোন মুহূর্ত্তে সে সঙ্কল্পে—সৎসাহিত্য-প্রচার-সাধনায় বিচলিত হন নাই। তাই বুঝি আজ শ্রীভগবান্ তাঁহার সে ত্যাগ-সমাহিত-সাধনা সার্থক করিয়াছেন '—ভারতের গৃহে গৃহে গার্হস্থ্য-লাইব্রেরী সুপ্রতিষ্ঠিত হইয়াছে;—শাস্ত্রগ্রন্থপাঠে শিক্ষিত সমাজের আকাঙ্ক্ষা উদ্দীপ্ত হইয়াছে;—জাতীয় জীবনের স্তরে স্তরে সৎসাহিত্যের মৃত-সঞ্জীবনী ধারা সুসঞ্চারিত হইয়াছে।

জীবন-সংগ্রামে বিব্রত হইয়া স্বর্গীয় পিতৃদেব প্রায়ই দুঃখ করিয়া বলিতেন, "সাহিত্য-সম্রাট্ বঙ্কিমচন্দ্রের গ্রন্থাবলী প্রকাশের পর হইতে আর আমার বড় সাধের তিনখানি সর্ব্বজন-সমাদৃত মহাগ্রন্থ 'জ্যোতিষরত্নাকর', 'মনুসংহিতা', 'ক্রিয়াকাণ্ডবারিধি' আর পুনর্মুদ্রণ করা সম্ভব হইল না।" পিতৃদেবের সাধনোচিত ধামে মহাপ্রয়াণের ৩ বৎসর পরে তাঁহার বড় আদরের 'জ্যোতিষরত্নাকরের নবম সংস্করণ—তাঁহারই নির্দ্দেশমত বিশেষভাবে সম্বর্দ্ধিত এবং সংশোধিত ক্রিয়া-কাণ্ডবারিধির দ্বিতীয় সংস্করণ—তাঁহারই সাধনাপূত বসুমতী-সাহিত্য-মন্দির হইতে সুপ্রকাশিত হইয়া, স্বধর্ম্মনিষ্ঠ হিন্দুসমাজের বহুদিনের আকাঙ্ক্ষা তৃপ্ত করিয়াছে। নীরব-কর্ম্মবীর, স্বদেশহিতব্রত উপেন্দ্রনাথের স্বর্গলাভের দ্বাদশবর্ষ পরে তাঁহার প্রাণ-সম প্রিয়তম মনুসংহিতার অতি প্রামাণ্য রাজসংস্করণ প্রকাশে রক্ষণশীল সদাচার-নিষ্ঠ আদর্শ হিন্দুসমাজের গৌরব সমুজ্জ্বল হইল।

এই সমাজবিপ্লবের দিনে—হিন্দুর ধর্ম্মমাহাত্ম্য, হিন্দুত্ব গৌরব সংরক্ষণের জন্য—ব্রাহ্মণ-বিদ্বেষের যুগে ত্যাগদীপ্ত ব্রাহ্মণ্যধর্ম্মের গৌরব প্রচার জন্য—সনাতন ধর্ম্ম-সংস্কারের নীতিবিজ্ঞান-আদর্শদীপ্ত এই মহাগ্রন্থের সুপ্রচার সেই মহান্ আত্মারই অনুপ্রেরণা। তাঁহারই আশীর্ব্বাদে বসুমতী-সাহিত্য-মন্দিরের সেবকরূপে আমরা তাঁহার পুণ্য-আদর্শ নির্দ্দেশে অনুপ্রাণিত হইয়া সৎসাহিত্যের আধারে মাতৃপূজার পবিত্র নির্ম্মাল্য—সাহিত্যের মৃতসঞ্জীবন-মন্ত্র · আর্য্য ঋষিগণের অমর অবদান আর্ষপ্রজ্ঞান-প্রচার সাধনায় আত্মনিবেদন করিবার সৌভাগ্য লাভ করিয়াছি। কর্ম্মে আমাদের অধিকার, ফলে নহে; ইহার কাম্যফল হিন্দুমাত্রেরই প্রাপ্য।

আপৎকালেই শাস্ত্রবিধানের প্রয়োজন। আর্য্য-হিন্দুর আজ বড় দুর্দ্দিন, হিন্দুধর্ম্মের বিপ্লবের—সমাজ-সংস্কারের—রাজার শাসনে সমাজনিয়ন্ত্রণের এমন যুগসন্ধি বুঝি ধর্ম্মপ্রাণ ভারতে বহুদিন সমুপস্থিত হয় নাই।

পাশ্চাত্য শিক্ষা-গর্ব্বদীপ্ত সংস্কারপ্রয়াসী নবীন সম্প্রদায়!—সমাজে—জীবনে আমরা আজও যেটুকু স্বাধীনতা উপভোগ করিতেছি, তাহাও গুরু-ইংরাজের পদে দক্ষিণাস্বরূপে বিসর্জ্জন দিবার জন্য ব্যাকুল হইয়াছেন! হিন্দুসমাজ—ত্রিকালদর্শী ঋষিগণের বিধি বিধানে নিয়ন্ত্রিত—সুপরিচালিত—সংযত—চির-স্বাধীন। সে সমাজ-বন্ধন সুকঠিন—অলঙ্ঘনীয়; হিন্দুর সমাজসমস্যা—জীবনযাত্রা-প্রণালীর নানা সংশয়ের মীমাংসায় জন্য, কোনদিন রাজদ্বারে বিচারপ্রার্থী হইবার প্রয়োজন নাই—ইহা ইংরাজ-অনুসরণগর্ব্বে-আত্মহারা সম্প্রদায়ের অসহ্য! সেই মহাপ্রাজ্ঞ মহর্ষি মনুর প্রচণ্ড শাসনই যদি সমাজে চিরদিন অপ্রতিহত প্রভাবে চির-অক্ষুণ্ণ রহিল,—দেশাচার—লোকাচার—সমাজাচার—ধর্ম্ম-সংস্কার কোন কিছুরই পরিবর্ত্তন—পরিবর্জ্জনে—সংস্কার সংসাধিত না হইল,—তবে আর আমরা ইংরাজ-গুরুর পদপ্রান্তে বিলুণ্ঠিত হইয়া এতদিনে কি বিদ্যা অর্জ্জন—কি জ্ঞানলাভ করিলাম?

পাশ্চাত্য-শিক্ষা-সভ্যতা-বিভ্রান্ত সংস্কারপন্থী সম্প্রদায়ের মতে—সংস্কারে সংহার চাই—অনুদার হিন্দুধর্ম্মের ধ্বংস অনিবার্য্য! এই শিক্ষালোকদীপ্ত বিংশ শতাব্দীতে ধনবতী রূপবতী বিধবার ব্রহ্মচর্য্য ত' নিশার স্বপনসম অলীক!

*   *   *   *   *   *   *

ঋষি-ব্রাহ্মণের ত্যাগে সাধনায়—জ্ঞান-অনুশীলনে ত' হিন্দু-সমাজের—আর্য্য-সাহিত্যের কোন উপকার কোন যুগে সম্ভব হয় নাই—তাহার ব্রাহ্মণত্বের বড়াই শতধা চূর্ণ করিতে হইবে! এ যুগে ইংরাজই ত' প্রকৃষ্ট ব্রাহ্মণ—তাঁহারাই ত' শাস্ত্রবেত্তা—ধর্ম্মগুরু! আহা-হা! ইংরাজ গুরুর কি মহান্ উদারভাব!—ভোগ—ভোগ—সুখসম্ভোগই মানব-জীবনের শ্রেষ্ঠ কামনা—প্রকৃষ্ট পরিণতি! টাকাই ব্রহ্মের সাকার মূর্ত্তি—টাকার উপাসনা কর—ধর্ম্ম মোক্ষ সবই টাকায় অর্জ্জন করা সম্ভব হইবে! ব্রহ্মজ্ঞান—সে ত' অসভ্য আর্য্য-ঋষির গাঁজার খেয়াল!

*   *   *   *   *   *   *

যুবতী-বিবাহ প্রবর্ত্তিত হউক—যৌন সম্মিলনে—বলদীপ্ত সন্তানের উদ্ভব হইবে! স্ত্রী ত' আর সাধ্বী—সহধর্ম্মিণী—পুণ্যবতী সন্তান-জননী নহেন—তিনি কামযজ্ঞের হোমকুণ্ড—ভোগের লালসা! সন্তান-প্রজনন সংরোধ করিতে হইবে! সন্তান—

পিতার অনুষ্ঠিত কর্ম্ম-সম্পাদনের সমাপ্তি নহে; কৈ?—পিতার চাকরী এখন ত' আর উত্তরাধিকার-সূত্রে—বংশগতভাবে সন্তান লাভ করে না!

* * * * * * *

পিতৃলোক কোথাও নাই—পিতৃগণ শ্রদ্ধা-নিবেদনের—জল—পিণ্ডের আশা বহু দিন ত্যাগ করিয়াছেন! 'মরা গরু ঘাস খায়' ইহাও কি বিশ্বাস করিতে হইবে?—পাপ—পুণ্য—স্বর্গ—নরক—পরলোক—জন্মান্তর—কর্ম্মফল—আত্মার মুক্তি—এ সকল আকাশকুসুমসম কল্পনামাত্র! এক পাশ্চাত্য-ঋষি মহাকবি মিলটন্ স্বর্গ নরক বর্ণনা করিয়াছেন বলিয়া যা আশঙ্কা হয়, নচেৎ হিন্দুশাস্ত্র —সে ত' গাঁজার দম—গাঁজার ধোঁয়াতেই ত' স্বর্গ নরকের সৃষ্টি-বৈচিত্র্য!

* * * * * * *

হিন্দু-নারীর সতীত্ব—একনিষ্ঠ পতিভক্তি—সে ত' সবল পুরুষের নারী-নির্য্যাতনের কৌশল! নারী মুক্ত-পক্ষিণীর মত স্বাধীনা না হইলে কি করিয়া স্বেচ্ছাচারিতায় একাকার সম্ভব হইতে পারে? তাঁহাদের কল্পিতা নারী—হিন্দুর আদর্শ মাতৃমূর্ত্তি নহেন—প্রেমময়ী—লালসালীলাময়ী—হাস্য-লাস্যের বিজলীতরঙ্গ—সমাজ-বিহারিণী! কিন্তু মধু ফুরালে ত' ভ্রমরাবঁধু ফুল পানে চাহে না—তাঁহারা কি কেবল নানা ফুটন্ত ফুলের মধু পান করিয়া—ফুলের উপর ঘুমাইয়াই তৃপ্ত হইবেন?

* * * * * * *

বর্ণাশ্রম-ধর্ম্ম ধ্বংস হউক!—আচণ্ডাল ব্রাহ্মণ সর্ব্বস্তরের সকল জাতিকে বিলাতী কলের সূতার পবিত্র পৈতা বিতরণ করিয়া হাতে হাতে দক্ষিণা গ্রহণ কর—একমাত্র টাকাতেই সর্ব্বজাতি সমন্বয়— সম্মিলন সম্ভব!

* * * * * * *

শুদ্ধিমন্ত্রের উপাসনা চাই!—দুর্ব্বল জাতি আমরা,—নারীরক্ষায় আমাদের শক্তি নাই—শুদ্ধিমন্ত্র কেবল রক্ষা-কবচ নহে—ভোগের উপাদান নারী-চালানও সম্পদ্‌বৃদ্ধির বেশ একটা নূতন উপায় নহে কি?

* * * * * * *

হিন্দুধর্ম্ম উদার কি অনুদার? ঋষি-বিধান সুনিয়ন্ত্রণে হিন্দুসমাজ ও সমাজচারী ধর্ম্মপ্রাণ হিন্দু চিরস্বাধীন না চিরপদানত?—হিন্দুসমাজ সঙ্ঘবদ্ধ না মতভেদ-বৈষম্যে বিচ্ছিন্ন?—সংস্কার অপরিহার্য্য প্রয়োজন, না সর্ব্বকালোপযোগী চরম সিদ্ধান্ত—অশেষ কল্যাণপ্রদ হিন্দুশাস্ত্রের অনুসরণ—অনুশীলন—একান্ত বাঞ্ছনীয়? তাহা বুঝিবার জন্য—মনে প্রাণে উপলব্ধি করিবার জন্য—'স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ' নীতির সার্থক অর্থ হৃদয়ে অনুভব করিবার জন্য—সর্ব্বদর্শী ভগবান্ মনুর মহাচিন্তা-তপস্যালব্ধ—জাগতিক নীতির শ্রেষ্ঠতম অবদান—মুক্তির প্রতীক—মনু-সংহিতা সাদরে—সাগ্রহে—স-সম্মানে পাঠ করুন—অনুশীলন করুন।

স্বয়ম্ভু ব্রহ্মা যেমন মনুরূপে বিশ্ব-সৃষ্টির কল্পনা করিয়া, মানব হইতে পতঙ্গ পর্য্যন্ত সৃজন করিয়া, পরিদৃশ্যমান জগৎ সুখ-ঐশ্বর্য্য-শোভায় সমৃদ্ধ করিয়াছেন, তেমনি মহর্ষি মনুরূপে—জগৎ পালন ও শাসনের জন্য—বিধিবিধান সুনিয়ন্ত্রণে—মানবসমাজকে শান্তির রাজ্যে চিরসুখে বাস করাইবার জন্য—মুক্তিকামী

হিন্দুর ধর্ম্মজীবন যাপনের জন্য—সর্ব্বকালজয়ী—সর্ব্বকালে নিত্য-বিদ্যমান—সর্ব্বকালের আশ্রয়স্বরূপ—বিশ্বমঙ্গল-সমাহিত—মনুসংহিতার প্রবর্ত্তন করিয়া, জগতের অশেষ কল্যাণবিধান করিয়াছেন। সেই জন্যই বুঝি—বিশ্ববিশ্রুত নাম—পাশ্চাত্যের শ্রেষ্ঠ সুপণ্ডিত প্রত্নতাত্ত্বিকবৃন্দ—প্রোফেসর উইলসন—সার উইলিয়ম জোন্স—সুপ্রসিদ্ধ ঐতিহাসিক হাণ্টার, এলফিনষ্টোন—ডাক্তার কল্ডওয়েল—প্রভৃতি গবেষণাশীল মনীষিগণও বহু চেষ্টায়—অনন্ত অধ্যবসায়-প্রভাবেও মনুসংহিতার সঙ্কলনকাল-নির্ণয়ে সমর্থ হন নাই! তাঁহারা আবার শেষ সিদ্ধান্ত করিয়াছেন—মনুসংহিতার নীতি-প্রজ্ঞান—স্মৃতি-নিবন্ধরাজি ভারতের প্রাচীনতম স্মৃতিপুঞ্জের অংশোদ্ধার মাত্র! তাহা হইলে ভারতের সভ্যতা—জ্ঞান—বিদ্যা—সমাজ-স্বাধীনতা—কোন্ যুগের? কোন্ স্মরণাতীত কালের? কত শতাব্দী পূর্ব্বের? আর বর্ত্তমান শিক্ষিত ভারতের দৃঢ়বিশ্বাস—বিলাতী জ্ঞান—বিদ্যা—সভ্যতা—জাতীয়তা—স্বাধীনতার আলোক জাহাজে বোম্বাই হইয়া এ দেশে আসিয়াছে বলিয়াই আমরা শিক্ষিত—উদরান্ন-সংস্থানে—পরিবার-প্রতিপালনে সমর্থ—আইন-দিগ্‌গজ—নীতিবিশারদ হইয়া, স্বাধীনতার স্বপ্ন দেখিতেছি! ধর্ম্মসংস্কার, ঈশ্বরভক্তিবিহীন যে আইনের নাগপাশে আবদ্ধ হইয়া আমরা জীবনে শতসহস্র লাঞ্ছনা উপভোগ করিয়া, বিড়ম্বনাকে শান্তির শৃঙ্খলজ্ঞানে পরমানন্দে তন্ময়—বিজ্ঞান-দীপ্ত সুসভ্য প্রতীচ্যে সেই নীতিবিজ্ঞান কোন্ অমৃত-উৎস হইতে সঞ্চালিত—প্রবাহিত দেখুন! সার উইলিয়াম জোন্স ১৭৭০ খৃষ্টাব্দে অর্থাৎ ১৬০ বৎসর পূর্ব্বে প্রথম মনুসংহিতার ইংরাজী অনুবাদ য়ুরোপে প্রচার করেন। পরে নীতিশাস্ত্রে সুপণ্ডিত বুলার—মনীষী হর্টন ইংরাজীতে—লুসেলিয়ো দেলাং কাঁমস্ ফরাসী ভাষায়—পরে জার্ম্মাণ ভাষায়—মনুসংহিতার বিভিন্ন বিশদ অনুবাদ য়ুরোপের সর্ব্বত্র প্রচারিত—পরিব্যাপ্ত হয়। য়ুরোপীয় শিক্ষিত-সমাজ এই অভ্রান্ত আর্য্যনীতি-জ্ঞানের অনুশীলনেই আজ জগতে শ্রেষ্ঠজ্ঞানী—কর্ম্মজীবনে নীতিকর্ত্তব্য-বিশারদ—আইনজ্ঞ।

জ্ঞান-জ্যোতির্বিবস্বান্ বৈদিক ভারতে যে জ্ঞানের উদ্ভবে ভারত ও জগৎ পবিত্র—যুগে যুগে উপকৃত—সেই নীতি-বিজ্ঞানের শ্রেষ্ঠতম সমাহার সমন্বয়—আর্য্যসভ্যতার প্রকৃষ্ট নিদর্শন—সর্ব্বকালে চির-দেদীপ্যমান—অবিনশ্বর—অমর সাক্ষী—মানবগৃহ্যসূত্রের মানবধর্ম্মশাস্ত্রের শ্রেষ্ঠতম অবদান—বৃহৎ মনুসংহিতা।

মানব-মনের চির-প্রহেলিকা—জগৎ-সৃষ্টি-বিজ্ঞান যে মহাজ্ঞানগ্রন্থে বিশ্লেষিত প্রভাসিত;—সৃষ্টি-বৈচিত্র্য অনাদি—অজ্ঞেয়, মানবের চিন্তা-কল্পনা বুদ্ধি সেই দুর্জ্ঞেয় কারণের মূল তথ্য আবিষ্কারে যতদূর—যতদূর অগ্রসর হয়—ততই বিস্ময়ে অভিভূত—স্তম্ভিত—দিশাহারা হইয়া পড়ে। সেই সৃষ্টি-রহস্য—জগৎ উৎপত্তির সূক্ষ্ম কারণ যে অতীন্দ্রিয় বিদ্যাপ্রভাময় গ্রন্থে সন্নিহিত;—রাজনীতি—মানবধর্ম্মশাস্ত্র—ধর্ম্মসংস্কার—সকল সম্প্রদায়ের অনুষ্ঠেয় ধর্ম্ম-কর্ম্ম—সমাজ-স্বাধীনতা—গার্হস্থ্য জীবনের কর্ত্তব্য—লোকাচার—দেশাচার—সমাজনীতির মূলতত্ত্ব—বর্ণাশ্রম-ধর্ম্ম—স্বধর্ম্মনিষ্ঠ হিন্দুর হিন্দুত্ব—জাতিরহস্য সনাতন হিন্দুধর্ম্মের অবশ্য পালনীয় কর্ত্তব্যনিচয়—সকল স্তরের সর্ব্বজাতির আচার-ব্যবহার—ক্রিয়া-কলাপ—এক কথায় সনাতন হিন্দুধর্ম্মের যে কিছু যাহা কিছু—সর্ব্ববিধ অলঙ্ঘনীয় বিধিনিষেধ—সংযমন-নিয়ন্ত্রণ—একমাত্র মনুসংহিতাতেই সঙ্কলিত—দিব্যজ্ঞান সমুজ্জ্বল! যে কালজয়ী মহাজ্ঞানগ্রন্থের অবদান-মাধুর্য্যে সনাতন হিন্দুধর্ম্ম এত রাষ্ট্র-বিপর্য্যয়—ধর্ম্মবিপ্লবের পরও বিধ্বস্ত—বিলুপ্ত না হইয়া, সমুন্নত মস্তকে মহিমা

বিকীর্ণ করিতেছে;—যে সঞ্জীবন-মন্ত্রদীপ্ত মহাজ্ঞান গ্রন্থের আশ্রয়ে হিন্দুজাতি ও সমাজ আজও বিশ্বের সত্তা হইতে নিশ্চিহ্ন হইয়া বিলুপ্ত হয় নাই—পাশ্চাত্য-শিক্ষা-সুলভ ভোগ-সুখ-লালসায় ভাসিয়া যায় নাই—আজও 'স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ' জ্ঞান করিতেছে!

যে মহাগ্রন্থ—মহাভারত-রামায়ণ হইতেও সুপ্রাচীন—সুপ্রামাণ্য;—মহাভারত-রামায়ণে যাহার বহুতর জ্ঞান—নীতি—শ্লোকনিচয় উদ্ধৃত—সমাহিত;—সেই ধর্ম্মপ্রাণ—হিন্দুমাত্রেরই হৃদয়-সিংহাসনে স-সম্মানে চিরসংপূজিত মহাগ্রন্থের নূতন পরিচয়—মাহাত্ম্য কীর্ত্তন হিন্দুসমাজের নিকট নিতান্ত নিষ্প্রয়োজন! হিন্দুসমাজ-বন্ধনের সকল সংশয়—ধর্ম্মমতের সকল কূটতর্ক—সংসারের সকল অশান্তি—জীবনের সকল সমস্যার বিজ্ঞান-সম্মত অপূর্ব্ব যুক্তিপূর্ণ বিচার-মীমাংসা-নৈপুণ্য—জ্ঞানদীপ্ত সমাধান পাইয়া, জীবন-সাধনা সফল হইবে;—শান্তি ও তৃপ্তিলাভের দীপ্ত-উৎসাহে হিন্দুধর্ম্মের স্নিগ্ধ পবিত্র সুশীতল ছায়ায় সমবেত হইয়া এক ধর্ম্ম—এক নীতি—সাধনা স্বদেশপ্রীতি জ্ঞানে কর্ম্মজীবনে চির-স্বাধীনতা উপভোগ করিতে পারিবেন।

এই যুগসন্ধিক্ষণে প্রাচীন রক্ষণশীল ও নবীন সংস্কারপন্থিগণের মতবিরোধে স্বধর্ম্মের হানি, সমাজবিপ্লবের দিনে—ব্রাহ্মণ-বিদ্বেষের যুগে ব্রাহ্মণ্যধর্ম্মের গৌরব সমুজ্জ্বল করিবার জন্য—হিন্দুর সর্ব্ব-শাস্ত্রসিদ্ধান্তের সারাৎসার সংগ্রহ মনুসংহিতার চতুর্থ সংস্করণ বসুমতী-সাহিত্য-মন্দির হইতে সুপ্রকাশিত হইল। এমন বিরাট্ রাজসংস্করণ ভারতে কখনও প্রকাশিত হয় নাই;—য়ুরোপে প্রকাশিত হইয়াছে। এই সুপ্রামাণ্য সংস্করণ—মানব-কল্যাণ-সমাহিত ঋষি মেধাতিথির সর্ব্বশাস্ত্র-নির্ঘণ্ট সম্পূর্ণ ভাষ্যে—ব্রাহ্মণগৌরবদীপ্ত কুল্লূক ভট্টাচার্য্যের সকল জ্ঞানের মীমাংসাস্বরূপ মন্বর্থ-মুক্তাবলী টীকায়—বাঙ্গালার পাণ্ডিত্য-জ্যোতিঃস্বরূপ, স্মার্ত্ত আচার্য্যপ্রবর ভরতচন্দ্র শিরোমণির সর্ব্বজন-সুবোধ্য সরল অনুবাদে—সর্ব্বদর্শী মহর্ষি ভৃগুর সমাজ-কল্যাণ সিদ্ধান্তে—বৈদান্তিক-সুপণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণের ভূমিকার সমৃদ্ধ—সমুজ্জ্বল হইয়াছে। সর্ব্বজ্ঞ ভগবান্ মনুর সর্ব্বকালোপযোগী অভ্রান্ত সিদ্ধান্তে—নীতি-প্রজ্ঞান-বিধানে—পাশ্চাত্য-সভ্যতা--সম্মোহিত শিক্ষিত সমাজ আবার স্বধর্ম্মের অনুপ্রেরণায় অনুপ্রাণিত—উদ্দীপিত হইলে, সাধনা প্রয়াস ব্যয় প্রচার সার্থক হইবে। হিন্দুসমাজের সেবা করিয়া—হিন্দুধর্ম্মের অনুসরণ করিয়া জীবন সার্থক জ্ঞানে ধন্য হইব।

বসুমতী-সাহিত্য-মন্দির
অনন্তচতুর্দ্দশী ১৩৩৬

বসুমতী-সাহিত্য-মন্দিরের
বিনীত সেবক
শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়।

ভূমিকা

সনাতন হিন্দুধর্ম্মের নিগূঢ়রহস্য বুঝিতে হইলে, মানবধর্ম্মশাস্ত্র বা মনুসংহিতার আশ্রয় সকলকেই গ্রহণ করিতে হইবে। যদি চ বেদ, সনাতন ধর্ম্মের মূলগ্রন্থ ইহা সকলেই স্বীকার করিয়া থাকেন, তথাপি কেবল বেদের সাহায্যে বর্ত্তমান সময়ে সনাতনধর্ম্মের যথার্থস্বরূপ বিস্পষ্টভাবে বুঝিতে পারা যায় না, কারণ, এখন যথাবিধি বেদের পঠন-পাঠন অত্যল্প হইয়া দাঁড়াইয়াছে। সমগ্র বেদের অর্থ বুঝিতে হইলে যে সকল সামগ্রীর একান্ত আবশ্যক, তাহার সম্পাদন বর্ত্তমান সময়ে একান্ত অসম্ভব বলিলেও অত্যুক্তি হয় না। বেদ বুঝিতে হইলে প্রথমতঃ বেদের যে ছয়টি অঙ্গ অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দ, নিরুক্ত ও জ্যোতিষশাস্ত্র—তাহার অধ্যয়ন অবশ্য কর্ত্তব্য। তাহা ছাড়া ইতিহাস, পুরাণ প্রভৃতি উপাঙ্গেরও অধ্যয়ন করিতে হইবে। শুধু কি তাহাই! বেদের প্রতিপাদ্য গৃহস্থমাত্রেরই কর্ত্তব্য, দর্শ-পূর্ণমাস, অগ্নিহোত্র, জ্যোতিষ্টোম প্রভৃতি বহু আড়ম্বরপূর্ণ কর্ম্মসমূহেরও বর্ত্তমানসময়ে প্রায় লোপ হইয়াছে। ঐ সকল ধর্ম্মকার্য্যের প্রকৃত স্বরূপপ্রদর্শক গ্রন্থ ও উপযুক্ত আচার্য্যের অভাববশতঃ বেদার্থের যথাযথ স্বরূপ নির্ণয় বর্ত্তমান সময়ে অত্যন্ত দুরূহ ব্যাপার হইয়া পড়িয়াছে। বেদ পড়িয়া—বেদার্থ বুঝিয়া, সেই সকল বেদার্থের অনুষ্ঠান করা বর্ত্তমান সময়ে একান্ত অসম্ভব বলিলেও চলে, তাহা ছাড়া, বর্ত্তমান সময়ে হিন্দুজাতির মধ্যে যে সকল ধর্ম্ম ও আচার সমগ্র ভারতবর্ষে অল্প বা বিস্তর ভাবে অনুষ্ঠিত হইয়া থাকে, তদ্‌বিষয়ে বর্ত্তমান সময়ে প্রচলিত বৈদিক গ্রন্থসমূহ একপ্রকার নীরব বলিলেও চলে। শিষ্ট সম্প্রদায় বলিয়া থাকেন যে, বহুকাল হইতে বেদের বহুশাখা বিলুপ্ত হওয়ায় এইরূপ অবস্থা ঘটিয়াছে। তাঁহাদের মতানুসারে এই সকল আচার ও ধর্ম্মের প্রমাণভূত মূল বেদগ্রন্থের লোপ হইলেও ঐ সকল ধর্ম্ম ও আচার এখনও ভারতের বহু প্রদেশে বহুল পরিমাণে উপলব্ধি হইতেছে।

এই সকল আচার ও ধর্ম্মানুষ্ঠানের তত্ত্ব জানিতে হইলে, বর্ত্তমান সময়ে ধর্ম্মশাস্ত্র, পুরাণ ও তন্ত্রাদির সাহায্যই গ্রহণ করিতে হইবে। দান, ব্রত ও পূর্ত্তরূপ ধর্ম্মের স্বরূপ পুরাণশাস্ত্রে বহুল-ভাবে বর্ণিত হইয়াছে—ইহা সত্য। কিন্তু, ঐ সকল পুরাণ-বর্ণিত ধর্ম্ম অনুষ্ঠান করিতে হইলে অধিকারী হওয়া আবশ্যক। অধিকারী কে হইয়া থাকে?—সদাচারসম্পন্ন ও দশবিধসংস্কারযুক্ত না হইলে, ঐ সকল পুরাণাদি-প্রদর্শিত ধর্ম্মের অনুষ্ঠানে প্রকৃতভাবে অধিকারী হইতে পারা যায় না। সেই সদাচার ও সংস্কার-সমূহের প্রধানভাবে জ্ঞাপক যে শাস্ত্র, তাহাকেই ধর্ম্মশাস্ত্র বলা যায়। ধর্ম্মশাস্ত্রে ইহা ছাড়া বিস্তৃতভাবে প্রায়শ্চিত্তাদিরূপ অবশ্যকর্ত্তব্য কর্ম্মসমূহেরও স্বরূপ যথাযথভাবে বর্ণিত হইয়াছে। এই কারণে ধর্ম্মশাস্ত্রের উপরেই বর্ত্তমান সময়ে প্রচলিত সনাতন হিন্দুধর্ম্মের অস্তিত্ব প্রধান ভাবেই নির্ভর করিতেছে, এই ধর্ম্মশাস্ত্র বা স্মৃতিশাস্ত্র-প্রণেতা ঋষিগণের মধ্যে ভগবান্ মনুই সর্ব্বপ্রধানরূপে পরিগণিত হইয়া থাকেন। ধর্ম্মশাস্ত্রকারগণের মধ্যে মনুর এই প্রাধান্য সর্ব্ববাদিসম্মত, বৈদিক গ্রন্থসমূহের মধ্যেও মনুর প্রাধান্যসূচক বাক্য দেখিতে পাওয়া যায়। ধর্ম্মশাস্ত্রকারগণও মনুরই প্রাধান্য স্বীকার করিয়াছেন।

"মনুর্বৈ যৎকিঞ্চিদবদত্তদ্ ভেষজং" এইরূপ শ্রুতিবাক্য দেখিতে পাওয়া যায়। মনুস্মৃতির সহিত যে অংশে অন্য স্মৃতির বিরোধ পরিলক্ষিত হয়, সে অংশে মনু যাহা বলিয়াছেন, তাহাই প্রমাণ বলিয়া গৃহীত হয় ও অন্য স্মৃতির প্রামাণ্য উপেক্ষিত হয়। কারণ, শাস্ত্রেই আছে—

"মন্বর্থবিপরীতা যা সা স্মৃতির্ন প্রশস্যতে।
বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্।"

(অর্থাৎ যে স্মৃতি মনুপ্রতিপাদিত অর্থের বিপরীত অর্থকে প্রতিপাদন করিয়া থাকে, তাহা প্রশস্ত নহে, অর্থাৎ উপেক্ষণীয়। বেদপ্রতিপাদ্য অর্থই মনু প্রকাশ করিয়াছেন বলিয়া তাঁহারই প্রাধান্য ধর্ম্মশাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে।) বেদে এই মনুর নাম দেখিতে পাওয়া যায়, ইহা দেখান হইয়াছে, মহাভারতেও মনুর নাম দেখিতে পাওয়া যায়, রামায়ণে মনুর নাম দেখিতে পাওয়া যায়, পুরাণশাস্ত্রেও মনুর নাম দেখিতে পাওয়া যায়। এবং যে কোন শাস্ত্রগ্রন্থেই মনুর নাম উল্লিখিত হইয়াছে, সেইখানেই অন্যান্য সকল ধর্ম্মশাস্ত্রকার অপেক্ষা মনুর প্রাধান্য সুব্যক্তভাবেই সূচিত হইয়াছে, সুতরাং মনুস্মৃতি যে সকল স্মৃতি অপেক্ষা শ্রেষ্ঠ, এ বিষয়ে সন্দেহ করিবার কোন কারণ নাই।

বর্ত্তমান সময়ে মনুসংহিতা বা মানবধর্ম্মশাস্ত্র নামে যে বিশাল গ্রন্থ প্রচলিত আছে, তাহাই সাক্ষাৎ মনুপ্রণীত মূলধর্ম্মশাস্ত্র, অথবা এই প্রচলিত মানবধর্ম্মশাস্ত্র মনুপ্রণীত কোনও মূলগ্রন্থের আর একটি সংস্করণ-বিশেষ, এই বিষয় লইয়া প্রত্নতত্ত্ববিৎ পণ্ডিতগণের মধ্যে বহু আলোচনা হইয়া গিয়াছে এবং এখনও হইয়া থাকে। সেই সকল আলোচনার যাহা সার এবং এই বিষয়ে কত প্রকার পরস্পর বিরুদ্ধমত এ পর্য্যন্ত প্রচারিত হইয়াছে, এক্ষণে প্রধানভাবে তাহারই আলোচনা করা যাইতেছে। বর্ত্তমান সময়ে প্রচলিত মানবধর্ম্মশাস্ত্র বা মনুসংহিতা যে সাক্ষাৎ মনুপ্রণীত নহে, তাহা কিন্তু এই গ্রন্থের মধ্যেই স্পষ্টভাবে সূচিত হইয়াছে। কারণ, এই মনুসংহিতার প্রথমে এইরূপ লিখিত আছে যে—

"ভগবান্ মনু ঈশ্বরে একান্ত মনঃসমাধান করিয়া আসনে সমাসীন রহিয়াছেন, এমন সময়ে ধর্ম্মজিজ্ঞাসু মহর্ষিগণ তাঁহার সম্মুখে সমাগত হইয়া বিধিমত পূজা-বন্দনাদি করতঃ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন।" (১)

"হে ভগবন্! ব্রাহ্মণাদি বর্ণ সকলের ও অম্বষ্ঠ, করণ, ক্ষত্রিয় প্রভৃতি অনুলোম প্রতিলোমজাত সঙ্করজাতির—পৃথক্ পৃথক্ রূপে ধর্ম্মসকল আমাদিগকে বলুন।" (২)

এইভাবে ঋষিগণ কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া মনু তাঁহাদিগকে যে উত্তর দিয়াছিলেন, তাহার প্রথমেই পরমাত্মা হইতে এই জগৎ যে প্রকারে উৎপন্ন হইয়াছে, তাহাই বিস্তৃতভাবে বর্ণিত হইয়াছে। তাহার পর ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র পশুপক্ষী, মৃগ, রাক্ষস, পিশাচ, স্বেদজ, অণ্ডজ, উদ্ভিজ্জ প্রভৃতির উৎপত্তিপ্রকারও বর্ণিত হইয়াছে। প্রথম অধ্যায়ের ৫৭ শ্লোক পর্য্যন্ত এইরূপে সৃষ্টিতত্ত্ব বর্ণিত হইয়াছে, ইহার মধ্যে বর্ণাশ্রমধর্ম্মের কোনপ্রকার স্বরূপ বর্ণিত হয় নাই। তাহার পরেই ৫৮শ্লোকে এইরূপ লিখিত আছে—মনু বলিতেছেন, "হিরণ্যগর্ভ ব্রহ্মা সৃষ্টির প্রথমে এই শাস্ত্র প্রস্তুত করিয়া স্বয়ং আমাকেই যথাবিধি এই শাস্ত্র অধ্যয়ন করাইয়াছিলেন, এবং আমিও সেই শাস্ত্র মরীচি প্রভৃতি মনুগণকে অধ্যয়ন করাইয়াছি।"

তাহার পরবর্ত্তী শ্লোকে অর্থাৎ ৫৯ শ্লোকে এইরূপ লিখিত আছে—

"মহর্ষি ভৃগু এই শাস্ত্র আদ্যোপান্ত তোমাদিগকে শ্রবণ করাইবেন; কারণ, তিনি আমারই নিকট হইতে এই সমগ্র শাস্ত্র সম্যক্‌রূপে অধ্যয়ন করিয়াছেন।"

ইহার পরশ্লোকেই লিখিত হইয়াছে—"অনন্তর মহর্ষি ভৃগু ভগবান্ মনুকর্ত্তৃক এইপ্রকার অভিহিত হইয়া 'আপনারা শ্রবণ করুন' ইহা বলিয়া তাঁহাদিগকে বলিতে আরম্ভ করিলেন" (৬০)

ইহার পর বর্ত্তমান মনুসংহিতার শেষ পর্য্যন্ত যাহা কিছু উক্ত হইয়াছে, তাহা সকলই মহর্ষি ভৃগু কর্ত্তৃক কথিত হইয়াছে। সমাপ্তিতে দ্বাদশ অধ্যায়ের শেষ শ্লোকে এইরূপ লিখিত হইয়াছে—

ইত্যেতন্মানবং শাস্ত্রং ভৃগুপ্রোক্তং পঠন্ দ্বিজঃ।
ভবত্যাচারবান্ নিত্যং যথেষ্টাং প্রাপ্নুয়াদ্ গতিম্॥

"এই মানবশাস্ত্র, যাহা মহর্ষি ভৃগু কর্ত্তৃক কথিত হইয়াছে, ইহা যে দ্বিজ পাঠ করে, সে সর্ব্বদা সদাচারসম্পন্ন হইয়া থাকে, এবং যথেষ্ট গতিকে প্রাপ্ত হইয়া থাকে।" উপরে যাহা উদ্ধৃত হইল, তাহা দ্বারা স্পষ্টই বুঝা যায় যে, এখন যাহা মানবধর্ম্মশাস্ত্র বা মনুসংহিতা বলিয়া প্রচলিতগ্রন্থ আমাদিগের দৃষ্টিগোচর হয়, তাহা সাক্ষাৎ মনুপ্রোক্ত নহে, কিন্তু, মনুর আদেশ অনুসারে ভৃগুনামক মহর্ষি কর্ত্তৃক কথিত হইয়াছিল। মনুসংহিতার টীকাকার গোবিন্দরাজও বলিয়াছেন—

"ইহ ভৃগুশিষ্যঃ কশ্চিৎ অবিচ্ছিন্নপরম্পরায়াতস্মৃত্যর্থপ্রবন্ধমিদমাহ।"

অর্থাৎ এই গ্রন্থে যাহা কিছু বলা হইয়াছে, তাহা অনাদিপরম্পরায় প্রাপ্ত যে সকল স্মার্ত্তধর্ম্ম, তাহাই ভৃগুশিষ্য বলিয়াছেন।" গোবিন্দরাজের এই উক্তির দ্বারা বুঝিতে পারা যায় যে, মহর্ষি ভৃগু সাক্ষাৎ ভাবে এই গ্রন্থের রচয়িতা নহেন, কিন্তু, তাঁহার কোন ভৃগু শিষ্যই এই গ্রন্থের রচনা করিয়াছেন। এক্ষণে দেখা যাউক, যিনি মূল ধর্ম্মশাস্ত্রের রচয়িতা মনু, তিনি বাস্তবপক্ষে কে ছিলেন। মনুভাষ্যকার মেধাতিথি এইরূপ বলিয়াছেন যে, "মনুর্নাম কশ্চিৎ পুরুষবিশেষঃ অনেক-বেদশাখাধ্যয়ন-বিজ্ঞানানুষ্ঠানসম্পন্নস্মৃতিপরম্পরাপ্রসিদ্ধঃ।"

মনু বলিয়া একজন পুরুষবিশেষ ছিলেন, তিনি বহু বেদশাখা অধ্যয়ন করিয়াছিলেন, ঐ সকল বেদশাখার অর্থজ্ঞান তাঁহার ছিল, এবং ঐ সকল শাখাতে গৃহীত যে সমস্ত কর্ম্ম—তাহার অনুষ্ঠান তিনি করিতেন, ধর্ম্মশাস্ত্র-সম্প্রদায়ে তিনি অত্যন্ত প্রসিদ্ধ ছিলেন, মনু-টীকাকার গোবিন্দরাজও বলিয়াছেন—

"মনুর্নাম মহর্ষিরশেষবেদার্থজ্ঞানেন প্রাপ্তমনুসংজ্ঞঃ, আগমপরম্পরয়া সকলবিদ্বজ্জনকর্ণ-গোচরীভূতঃসর্গস্থিতিপ্রলয়কারণে অধিকৃতঃ।"

"মনু এক জন মহর্ষি ছিলেন, সমগ্র বেদার্থের জ্ঞান তাঁহার ছিল, তাঁহার 'মনু' এই নাম হইয়াছিল, আগমনপরম্পরাক্রমে সকল বিদ্বজ্জনই তাঁহার নাম শুনিয়াছেন, তিনি সৃষ্টি স্থিতি ও প্রলয়, কারণে অধিকৃত ছিলেন।"

গোবিন্দরাজের এই প্রকার উক্তির দ্বারা বুঝিতে পারা যায় যে, মনু নামে এক জন মহর্ষি ছিলেন, তিনি সকল বেদার্থের জ্ঞাতা ছিলেন, তাহা ছাড়া সংসারের সৃষ্টি স্থিতি ও প্রলয় করিবারও ক্ষমতা তাঁহার ছিল।

প্রচলিত মনুসংহিতাতে কিন্তু, মনু যে আত্মপরিচয় প্রদান করিয়াছেন, তাহা দ্বারা ইহাই বুঝায় যে, ধর্ম্মশাস্ত্ররচয়িতা মনু সাক্ষাৎ স্বয়ম্ভু বিরাট্ বা ব্রহ্মার পুত্র, যথা—

তপস্তপ্ত্বাসৃজদ্ যন্তু স স্বয়ং পুরুষো বিরাট্।
তং মাং বিত্তাস্য সর্ব্বস্য স্রষ্টারং দ্বিজসত্তমাঃ। ৩৩।
অহং প্রজাঃ সিসৃক্ষুস্তু তপস্তপ্ত্বা সুদুশ্চরম্।
পতীন্ প্রজানামসৃজম্ মহর্ষীনাদিতো দশ॥ ৩৪।

হে দ্বিজসত্তমগণ!—সেই বিরাট্ পুরুষ বহুকাল তপস্যা করিয়া যাহাকে সৃষ্টি করিয়াছেন—আমি সেই মনু, আমাকেও তোমরা সৃষ্টিকর্ত্তা বলিয়া জানিও"। ৩৩।

"আমি অনন্তর প্রজা সৃষ্টি করিতে অভিলাষী হইয়া, সুদুশ্চর তপস্যা করিয়াছিলাম এবং সেই তপঃপ্রভাবে প্রথমতঃ প্রজাসৃষ্টিতে সমর্থ দশ জন প্রজাপতিকে সৃষ্টি করিয়াছি"। ৩৪।

আস্তিক শিষ্ট সম্প্রদায় মনুসংহিতা গ্রন্থে স্বয়ং মনু কর্তৃক কথিত এই বাক্যের উপর নির্ভর করিয়া স্বায়ম্ভুব মনুকেই এই মানবধর্ম্ম শাস্ত্রের প্রথম রচয়িতা বলিয়া বিশ্বাস করিয়া থাকেন। কিন্তু, বর্ত্তমান সময়ে যে মনুসংহিতা প্রচলিত আছে, তাহার কিয়দংশই সাক্ষাৎ সেই মনু প্রণীত—আর সকল অংশ সাক্ষাৎ তাঁহার প্রণীত নহে, পরন্তু তাঁহারই উপদেশানুসারে মহর্ষি ভৃগু কর্তৃক প্রশ্নকারী ঋষিগণের সম্মুখে কথিত হইয়াছিল, তাহাতে সন্দেহ করিবার কোন হেতু নাই, কারণ, প্রচলিত মনুসংহিতাই তাহা স্পষ্টভাবে নির্দ্দেশ করিতেছে, ইহা পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে।

কুল্লুকভট্ট মনুর প্রাধান্য নির্দ্দেশ করিতে যাইয়া একটি বৃহস্পতির বচন উদ্ধৃত করিয়াছেন, যথা—

বেদার্থোপনিবদ্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতম্।
মন্বর্থবিপরীতা যা সা স্মৃতি র্ন প্রশস্যতে॥
তাবচ্ছাস্ত্রাণি শোভন্তে তর্কব্যাকরণানি চ।
ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনুর্যাবন্ন দৃশ্যতে॥

কুল্লুক ভট্ট মহাভারত হইতেও এই শ্লোকটি উদ্ধৃত করিয়াছেন—

পুরাণং মানবো ধর্ম্মঃ সাঙ্গো বেদশ্চিকিৎসিতম্।
আজ্ঞাসিদ্ধানি চত্বারি ন হাতব্যানি হেতুভিঃ॥

মেধাতিথি কিন্তু, একটি স্মৃতিবচন উদ্ধৃত করিয়া তাহার দ্বারা সকল ধর্ম্মশাস্ত্রের মূলকর্ত্তা যে মনু, তাহাই প্রতিপাদন করিয়াছেন; সে বচনটি এই—

ঋচো যজূংষি সামানি মন্ত্রা আথর্ব্বণাশ্চ যে।
মহর্ষিভিস্তু তৎ প্রোক্তং স্মার্ত্তং তু মনুরব্রবীৎ।

ঋক্ যজু সাম ও আথর্ব্বনামে প্রসিদ্ধ মন্ত্রসমূহ, মহর্ষিগণ কর্তৃক প্রোক্ত হইয়াছে, কিন্তু, যাহা কিছু স্মার্ত্তধর্ম্ম, তাহা মনুই বলিয়াছেন, মনুসংহিতার দ্বাদশ অধ্যায়ের ১২৩ শ্লোকে কিন্তু, মনুকে সাক্ষাৎ পরমেশ্বর বলিয়া নির্দ্দেশ করা গিয়াছে, যথা—

এতমেকে বদন্ত্যগ্নিং মনুমন্যে প্রজাপতিম্।
"ইন্দ্রমেকে পরে প্রাণমপরে ব্রহ্ম শাশ্বতম্॥

এই মনুকে কেহ বা অগ্নি বলিয়া নির্দ্দেশ করেন, কেহ বা ইঁহাকে ইন্দ্র, কেহ বা প্রাণ বলিয়া নির্দ্দেশ করেন, আবার কেহ কেহ ইঁহাকে সনাতন ব্রহ্ম বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন।"

উল্লিখিত প্রমাণসমূহ পর্য্যালোচনা করিলে ইহাই বুঝিতে পারা যায় যে, মূল ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মনু বিষয়ে প্রাচীন আচার্য্যগণের মধ্যে বিলক্ষণ মতভেদ ছিল, মনুকে সাক্ষাৎ ভগবান্ বলিয়াও কেহ কেহ অঙ্গীকার করিয়াছেন, আবার কেহ বা তাঁহাকে অধ্যয়ন দ্বারা সকল বেদার্থজ্ঞান-সম্পন্ন কোন অসাধারণ পুরুষ বলিয়া অঙ্গীকার করিয়াছেন, কেহ বা তাঁহাকে মহর্ষি আখ্যা প্রদান করিয়াছেন, কিন্তু অন্যান্য মহর্ষি অপেক্ষা তাঁহার বৈলক্ষণ্য এই ছিল যে, তিনি, সৃষ্টি, স্থিতি, প্রলয়-কারণে অধিকৃত ছিলেন। ভৃগুপ্রোক্ত মনুসংহিতা ব্যতিরিক্ত বৃদ্ধ মনু ও বৃহন্মনু নামে প্রসিদ্ধ আরও দুইখানি বা একখানি ধর্ম্মসংহিতা প্রাচীন কালে শিষ্ট সম্প্রদায়ে প্রচলিত ছিল। তাহারও যথেষ্ট প্রমাণ স্মৃতিনিবন্ধ গ্রন্থসমূহে পাওয়া যায়। ঐ বৃদ্ধমনু বা বৃহন্মনুর কতকগুলি অনুষ্টুপচ্ছন্দে নিবদ্ধ শ্লোকমাত্রই সম্প্রতি আমাদের দৃষ্টিগোচর হইয়া থাকে। সম্পূর্ণ গ্রন্থ বর্ত্তমান সময়ে লুপ্ত হইয়াছে, সুতরাং ঐ বৃদ্ধ মনু বা বৃহন্মনু কাহার দ্বারা রচিত বা কাহার দ্বারা সঙ্কলিত, এ বিষয়ে কোনও প্রমাণ নির্দ্দেশ করা এক্ষণে সম্ভবপর নহে। তাহা ছাড়া ধর্ম্মসূত্রকার ঋষিগণের মধ্যে মনুনামে কেহ যে বিদ্যমান ছিলেন, তাহারও প্রমাণ পাওয়া যায়। বশিষ্ঠ ও সাংখ্যায়ন ধর্ম্মসূত্রের মধ্যে এই সূত্রকার মনুর নামও দেখিতে পাওয়া যায়, বৌধায়নধর্ম্মসূত্রেও সূত্রকার মনুর উল্লেখ দেখিতে পাওয়া যায়।

গৌতম ধর্ম্মসূত্রের মধ্যেও দেখিতে পাওয়া যায় যে, "ত্রীণি প্রথমান্যনির্দ্দেশ্যানি মনুঃ।" অর্থাৎ মনু বলিয়াছেন, জ্ঞানপূর্ব্বক ব্রহ্মহত্যা, সুরাপান, এবং গুরুতল্পগমন এই তিনটি মহাপাতকের প্রায়শ্চিত্ত নির্দ্দেশ হইতে পারে না। বশিষ্ঠ ধর্ম্মসূত্রে দেখিতে পাওয়া যায়—পিতৃদেবাতিথিপূজায়া-মপ্যেব পশুং হিংস্যাৎ ইতি মানবম্।"

অর্থাৎ শ্রাদ্ধে যজ্ঞে এবং অতিথিপূজাকালে পশুহিংসা করিবে, এইরূপ মানবধর্ম্মশাস্ত্রে বা মানবসূত্রে আছে।"

এই স্থলে "মানব" এই যে শব্দটি ব্যবহৃত হইয়াছে, উহা সম্ভবতঃ মানবসূত্রকেই যে নির্দ্দেশ করিতেছে, তাহাতে বোধ হয় সন্দেহ নাই। কারণ, এখানে যে বচনটি উদ্ধৃত হইয়াছে, তাহা শ্লোকাত্মক নহে, কিন্তু স্পষ্ট গদ্যাত্মক, সূত্রগ্রন্থ বহুলভাবে গদ্যাত্মকই হইয়া থাকে। বশিষ্ঠ যে কোন্ গ্রন্থ হইতে এই বাক্যটি উদ্ধৃত করিয়াছেন, তাহাও এই 'মানবং' দ্বারা স্পষ্ট বুঝিতে পারা যাইতেছে। সুতরাং এই বশিষ্ঠধর্ম্মসূত্রোক্ত উদ্ধৃত বাক্যটি যে বর্ত্তমান সময়ে লুপ্ত হইলেও অতি প্রাচীন কালে প্রচলিত মানবধর্ম্মসূত্রের কোন অংশ, তাহাতে সন্দেহ করিবার কোন কারণ নাই।

বশিষ্ঠ আর এক স্থলে বলিয়াছেন যে "দেশধর্ম্ম-জাতিধর্ম্ম-কুলধর্ম্মান্ শ্রুত্যভাবাৎ অব্রবীন্মনুঃ।"

অর্থাৎ যে সকল দেশধর্ম্ম, জাতিধর্ম্ম ও কুলধর্ম্মসমূহে সাক্ষাৎ শ্রুতিপ্রমাণ নষ্ট হইয়াছে, মনু সেই সকল ধর্ম্মকেই নির্দ্দেশ করিয়াছেন। বশিষ্ঠের এই বচনের উপর বিশ্বাস করিলে এইরূপ সিদ্ধান্ত দাঁড়ায় যে, মনু প্রণীত ধর্ম্মসূত্রে যে সকল দেশ, জাতি ও কুলধর্ম্মের কথা বলা যাইতেছে, তাহা তৎকালে সাক্ষাৎ শ্রুতিরূপ প্রমাণের দ্বারা বুঝা যাইত না, অথবা সে বিষয়ে শ্রুতিরূপ প্রমাণ একেবারে

ছিলই না। শিষ্ট-ব্যবহার দেখিয়া মনু সেইগুলিকে সূত্রাকারে গ্রথিত করিয়াছিলেন। ভূমিকাবিস্তার-ভয়ে এই প্রকার বহু পরস্পর বিরুদ্ধ মতের সূচক প্রমাণ এই স্থলে আর উদ্ধৃত হইল না। কিন্তু যাহা উদ্ধৃত হইল, তাহার দ্বারা নিঃসন্দিগ্ধভাবে ইহা বুঝিতে পারা যায় যে, স্মৃতিশাস্ত্রের সর্ব্বপ্রথম রচয়িতা মনুনামে প্রসিদ্ধ কোন একব্যক্তি বিদ্যমান ছিলেন, তিনি সূত্ররূপেই হউক অথবা সংহিতারূপেই হউক—যে ধর্ম্মশাস্ত্রগ্রন্থ প্রথম প্রণয়ন করিয়াছিলেন, বর্ত্তমান সময়ে তাহা বিলুপ্ত হইয়াছে। তাহার মধ্যে গুটিকয়েক অংশ অর্থাৎ গদ্যবাক্য বা শ্লোক এখনও দেখিতে পাওয়া যায় এই মাত্র, সাক্ষাৎ তাঁহার রচিত সমগ্র গ্রন্থ পাইবার কোন সম্ভাবনা নাই। এরূপ অবস্থায় সাক্ষাৎ মনুপ্রণীত ধর্ম্মশাস্ত্র যে কত বড় ছিল বা কিভাবে রচিত হইয়াছিল, তাহা জানিবার কোনও উপায়ই এখন নাই। এই মনু মনুষ্য ছিলেন বা সাক্ষাৎ ঈশ্বর ছিলেন অথবা ভগবানের কোন অবতার-বিশেষ ছিলেন, তাহাও নিঃসন্দিগ্ধভাবে বুঝিবার অনুকূল কোন প্রমাণ বর্ত্তমান সময়ে আমাদিগের দৃষ্টিগোচর হয় না। সে যাহাই হউক, ধর্ম্মশাস্ত্রসমূহের মধ্যে মনু প্রণীত ধর্ম্মশাস্ত্র যে সর্ব্বাপেক্ষা প্রধান এবং সর্ব্বাপেক্ষা প্রাচীন, তাহা কিন্তু, নিঃসন্দিগ্ধভাবেই বুঝিতে পারা যায়। সেই মূলভূত মানবধর্ম্মশাস্ত্র প্রথমে অতি বিস্তৃতভাবেই বিরচিত হইয়াছিল, কালক্রমে অন্যান্য মহর্ষিগণ তাহাকেই সংক্ষিপ্ত ও সংক্ষিপ্ততর করিয়া সঙ্কলিত করিয়াছিলেন, এই বিষয়েও কিন্তু যথেষ্ট প্রমাণ শাস্ত্রগ্রন্থসমূহ মধ্যেই দেখিতে পাওয়া যায়। নারদস্মৃতির মধ্যে এইরূপ লিখিত হইয়াছে যে, সর্ব্বপ্রথমে মনু যে ধর্ম্মশাস্ত্র রচনা করিয়াছিলেন, তাহাতে একলক্ষ শ্লোক ছিল, এবং তাহা ১৮০ অধ্যায়ে বিভক্ত ছিল, সেই ধর্ম্মশাস্ত্রকে নারদ সংক্ষিপ্ত করিয়া পরে বারো হাজার শ্লোকে সঙ্কলিত করিয়াছিলেন। তাহার পর মার্কণ্ডেয় ঋষি তাহাকে আট হাজার শ্লোকে সঙ্কলিত করেন এবং সর্ব্বশেষে ভৃগুর পুত্র সুমতি তাহা চার হাজার শ্লোকে সংক্ষিপ্ত করিয়া রচনা করিয়াছিলেন। মহাভারতে কিন্তু, এইরূপ লিখিত হইয়াছে যে, ব্রহ্মা দেবগণের সহিত মিলিত হইয়া—সর্ব্বপ্রথমে ধর্ম্মশাস্ত্র প্রণয়ন করেন, সেই ধর্ম্মশাস্ত্র একলক্ষ অধ্যায়ে রচিত হইয়াছিল। তাহার পর ভগবান্ শঙ্কর সেই একলক্ষ অধ্যায়ে প্রবিভক্ত মূল ধর্ম্মশাস্ত্রকে দশহাজার অধ্যায়ে পরিণত করিয়া প্রকাশ করেন; কিছুকাল অতীত হইবার পর ইন্দ্র ঐ ধর্ম্মশাস্ত্রকে পাঁচহাজার অধ্যায়ে পরিণত করেন। তৎপরে বৃহস্পতি উহাকে তিন হাজার অধ্যায়ে সঙ্কলিত করেন, সর্ব্বশেষে কাব্য অর্থাৎ ভার্গব ঐ গ্রন্থকে একহাজার অধ্যায়ে বিভক্ত করিয়া সঙ্কলিত করিয়াছিলেন। পুরাণে কিন্তু অন্যপ্রকারও লিখিত আছে। তাহাতে এইরূপ আছে যে, সর্ব্বপ্রথমে মনু এক বৃহৎ ধর্ম্মশাস্ত্র রচনা করেন। তাহার পর ভৃগু তাহাকে সংক্ষিপ্ত করিয়া রচনা করেন; ভৃগুর পর নারদ, নারদের পর বৃহস্পতি এবং বৃহস্পতির পর অঙ্গিরাঃ উক্ত মানবধর্ম্মশাস্ত্রকে ক্রমে সংক্ষিপ্তভাবে সঙ্কলন করিয়াছিলেন।

এই মনুসংহিতা এখন আমরা যে আকারে দেখিতে পাইতেছি, কত কাল পূর্ব্বে ইহা এই আকারে পরিণত হইয়াছে, তাহার নির্ণয় করাও বড় কঠিন। পাশ্চাত্য প্রত্নতাত্ত্বিক পণ্ডিতগণ বলিয়া থাকেন যে, ভারতবর্ষে শক অর্থাৎ সিথিয়ান যবন অর্থাৎ গ্রীক এবং পারদ অর্থাৎ পার্থিয়ান্‌দিগের প্রবেশের পর যে ইহা সঙ্কলিত হইয়াছে, তাহার প্রমাণ এই মনুসংহিতার মধ্যেই দেখিতে পাওয়া যায়। কারণ, মনুসংহিতার দশম অধ্যায়ে এরূপ লিখিত আছে—

শনকৈস্তু ক্রিয়ালোপাদিমাঃ ক্ষত্রিয়জাতয়ঃ।
বৃষলত্বং গতা লোকে ব্রাহ্মণাতিক্রমেণ চ ॥
পৌণ্ড্রকাশ্চৌড্রদ্রবিড়াঃ কাম্বোজা যবনাঃ শকাঃ।
পারদাঃ পহ্নবাশ্চীনাঃ কিরাতা দরদাঃখশাঃ ॥

"এই সকল ক্ষত্রিয় জাতিগণ ধীরে ধীরে ক্রিয়ালোপ অর্থাৎ বেদবিহিত কর্ম্মসমূহের পরিত্যাগনিবন্ধন এবং ব্রাহ্মণকে অতিক্রমণ করা বশতঃ সংসারে শূদ্রতাকে প্রাপ্ত হইয়াছে। সেই জাতিগুলি এই—পৌণ্ড্রক, ঔড্র, দ্রবিড়, কাম্বোজ, যবন, শক, পারদ, পহ্নব, চীন, কিরাত ও দরদ প্রভৃতি।"

এই শ্লোকে যে শক, যবন ও পারদ প্রভৃতি নামক ক্ষত্রিয় জাতির উল্লেখ করা হইয়াছে, ইহারা ভারতবর্ষে প্রবেশ করিবার পর শূদ্রভাবে হিন্দুসমাজে পরিগৃহীত হয় এবং ইহাদিগের শূদ্রত্ব প্রাপ্তির কারণ এই যে, ইহারা বেদোক্ত ক্রিয়ার অনুষ্ঠান করিত না এবং ব্রাহ্মণগণকেও মানিত না। এই কারণে ইউরোপীয় পণ্ডিতগণ অনুমান করিয়া থাকেন যে, ভারতবর্ষে এই সমস্ত জাতির প্রবেশের পর যখন তাহারা হিন্দুজাতির মধ্যে প্রবিষ্ট হইয়া যায়, তাহার পর এই বর্ত্তমান আকারের মনুসংহিতা রচিত হইয়াছিল, এইরূপ অনুমান অনায়াসেই করা যাইতে পারে। সুতরাং খৃষ্ট-জন্মের পূর্ব্ববর্ত্তী দ্বিতীয় বা তৃতীয় শতাব্দীর পূর্ব্বে সেই মনুসংহিতা যে রচিত হয় নাই, ইহা নিঃসঙ্কোচে বলিতে পারা যায়। ইহাই হইল পাশ্চাত্য পণ্ডিতগণের বর্ত্তমান মনুসংহিতার কালবিষয়ে অভিমত।

আমার কিন্তু এ প্রকার সিদ্ধান্ত সমীচীন বলিয়া বোধ হয় না। কারণ এই শ্লোকে স্পষ্টই নির্দ্দিষ্ট রহিয়াছে যে, এই সকল ক্ষত্রিয় জাতিগণ বেদোক্ত কর্ম্মপরিত্যাগ এবং ব্রাহ্মণাতিক্রম-নিবন্ধন শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল। এইরূপ স্পষ্ট উক্তির দ্বারা ইহাই প্রতিপন্ন হইতেছে যে, শক, যবন প্রভৃতি নামে প্রসিদ্ধ কতকগুলি ক্ষত্রিয় জাতি পূর্ব্বে ভারতবর্ষেই বিদ্যমান ছিল, তাহারাই ক্রিয়া পরিত্যাগ ও ব্রাহ্মণবিদ্বেষবশতঃ শূদ্রত্ব প্রাপ্ত হইয়াছিল। গ্রীক্ পার্থিয়ান প্রভৃতি দেশে যাহারা আদিম অধিবাসী ছিল, তাহারা কখনই ক্ষত্রিয়জাতি বলিয়া বর্ণাশ্রমধর্ম্মাবলম্বীদিগের মধ্যে পরিগণিত হইতে পারে না, অন্ততঃ মনুসংহিতা রচনাকালে হিন্দুসমাজের মধ্যে এইরূপ নিয়মই যে প্রচলিত ছিল, তাহা অন্যান্য ধর্ম্মসংহিতা এবং পুরাণ প্রভৃতি আলোচনার দ্বারা স্পষ্টই বুঝিতে পারা যায়। 'গ্রীক প্রভৃতি বৈদেশিক জাতিগণ ভারতে প্রবেশের পর ব্রাহ্মণ মানিয়া ক্ষত্রিয় হইয়া পরে ব্রাহ্মণাতিক্রম ও বেদ-বিহিত ক্রিয়া পরিত্যাগ করিয়াছিল এবং সেই জন্য শূদ্র হইয়া-ছিল—' উক্ত মনু বচনের এইরূপ অর্থ নিতান্ত কষ্ট-কল্পনাপ্রসূত এবং নিষ্প্রমান—সুতরাং এইরূপ অর্থ কোন বিজ্ঞ ব্যক্তি কর্তৃক পরিগৃহীত হইবারও যোগ্য নহে।

শক, যবন বা পারদ শব্দের দ্বারা পাশ্চাত্য পণ্ডিতগণের অভিমত যে, বর্ত্তমান গ্রীস্ প্রভৃতি দেশ হইতে আগত জাতিসমূহই এই মনুসংহিতা রচনাকালে বিষজ্জনগণ মধ্যে পরিগৃহীত হইত, এ বিষয়ে কোন বলবৎ প্রমাণ এ পর্য্যন্ত আমরা দেখিতে পাই নাই। ইহা প্রমাণ করিবার জন্য পাশ্চাত্য প্রত্নতাত্ত্বিক পণ্ডিতগণ যে সকল যুক্তির অবতারণা করিয়া থাকেন, তাহার অধিকাংশই কল্পনামূলক, ভূমিকাবিস্তৃতির আশঙ্কায় এই বিষয়ের বিস্তৃত আলোচনা এখানে করা গেল না।

আবশ্যক বোধ হইলে ঐ সকল পাশ্চাত্য পণ্ডিতগণের যুক্তি ও কল্পনার মধ্যে যে সমুদয় দোষ ও সন্দেহের অবসর আছে, তাহার অবতারণা করা যাইতে পারে।

সুতরাং এই ভৃগুপ্রোক্ত মনুসংহিতা ঠিক কোন্ সময়ে রচিত হইয়াছিল, তাহার যথাযথ নির্ণয় করা সত্য সত্যই দুরূহ ব্যাপার। দুই হাজার বৎসর পূর্ব্ব হইতেই এই সংহিতার প্রচার যে আমাদিগের দেশে আছে, সে বিষয়ে সন্দেহ করিবার কোন কারণ দেখিতে পাওয়া যায় না। মহাভারতের সময় এই মানবধর্ম্মশাস্ত্রই ছিল কি না, তাহা কিন্তু নিশ্চয় সহকারে বলা বড়ই কঠিন।

এক হাজার বৎসর পূর্ব্ব হইতে এই মানবধর্ম্মশাস্ত্র বর্ত্তমান আকারেই যে এ দেশে শিষ্টসমাজে পরিগৃহীত হইয়া আসিতেছে, সে বিষয়ে কিন্তু যথেষ্ট প্রমাণ উপলব্ধ হইয়া থাকে। মনুসংহিতার যে কয়খানি টীকা বর্ত্তমান সময়ে আমাদিগের দৃষ্টিপথে পতিত হইয়া থাকে, তাহাদিগের মধ্যে ভট্ট মেধাতিথি-বিরচিত মনুভাষ্যই সর্ব্বাপেক্ষা প্রাচীন, ইহা সকলেই অঙ্গীকার করিয়া থাকেন, অঙ্গীকার করিবার যথেষ্ট কারণও বিদ্যমান আছে, যেহেতু, খৃষ্টীয় একাদশ শতাব্দীর অন্তিমভাগে বা দ্বাদশ শতাব্দীর পূর্ব্বভাগের মধ্যে বিজ্ঞানেশ্বর যাজ্ঞবল্ক্য-সংহিতার মিতাক্ষরানামে প্রসিদ্ধ টীকা প্রণয়ন করেন। এই মিতাক্ষরার মধ্যে আমরা মেধাতিথি-কৃত ভাষ্যের উল্লেখ হইয়াছে ইহা দেখিতে পাই।* সুতরাং ইহা মানিতেই হইবে যে, খৃষ্টীয় একাদশ শতাব্দীর পূর্ব্বে মেধাতিথি ভাষ্য রচিত হইয়াছিল, তাহা ছাড়া, মেধাতিথি ভাষ্য রচিত হইবার পূর্ব্বেও মনুসংহিতার উপর যে টীকা গ্রন্থ আরও কয়েকখানি ছিল, তাহার নিদর্শনও আমরা মেধাতিথি ভাষ্যের মধ্যেই দেখিতে পাই। মেধাতিথির ভাষ্যও খৃষ্টীয় নবম বা দশম শতাব্দীতে রচিত হইয়াছিল, তাহার পূর্ব্বে নহে—এই পর্য্যন্তই এখানে নিশ্চয় সহকারে বলা যাইতে পারে। কারণ, মেধাতিথির ভাষ্যমধ্যে † আমরা আচার্য্য শঙ্কর ও কুমারিল ভট্টের মত উদ্ধৃত হইয়াছে, ইহা স্পষ্টই দেখিতে পাই। আচার্য্য শঙ্কর যদি খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে প্রাদুর্ভূত হইয়া থাকেন, তাহা হইলে খৃষ্টীয় নবম শতাব্দীর পূর্ব্বে মেধাতিথির ভাষ্য রচিত হইয়াছিল, এরূপ বলা সম্ভবপর নহে। এই কারণে মেধাতিথি খৃষ্টীয় নবম বা দশম শতাব্দীতে প্রাদুর্ভূত হইয়াছিলেন, এরূপ বলা যাইতে পারে। সুতরাং ইহার দ্বারা এই স্পষ্ট বুঝিতে পারা যায় যে, মনুর প্রসিদ্ধ টীকাকারগণের সাহায্যে মনুসংহিতার যাদৃশ আকার আমাদিগের প্রতীতিগোচর হয়, সেইরূপ আকারেই এই মানবধর্ম্মশাস্ত্র হাজার বৎসর পূর্ব্ব হইতেই ভারতে প্রচলিত আছে, ইহাতে সন্দেহ নাই।

মিতাক্ষরাকার বিজ্ঞানেশ্বর চালুক্যবংশীয় নরপতি ষষ্ঠ বিক্রমাদিত্যের রাজত্বকালে বিদ্যমান ছিলেন। এই বিক্রমাদিত্য ৯৯৭ শকাব্দ হইতে ১০৪৮ শকাব্দ পর্য্যন্ত দক্ষিণ দেশের কল্যাণ নগরীতে রাজত্ব করিয়াছিলেন, ইহাও ইতিহাস-প্রসিদ্ধ।

বড়ই দুঃখের বিষয়, মেধাতিথি ভাষ্য যাহা আমরা এক্ষণে মুদ্রিতভাবে দেখিতে পাই, তাহা

* যোনিক্ষেপং ইত্যাদি শ্লোকচতুষ্টয়স্য চ ঈদৃশ এব পাঠক্রমো মেধাতিথি-ভোজরাজাদিভি নিশ্চিতঃ (যাজ্ঞবল্ক্য-সংহিতা—মিতাক্ষরা)

† মনুসংহিতা ২য় অধ্যায় ১৮ শ্লোক। এবং ১২শ অধ্যায় ১৯ শ্লোক মেধাতিথি ভাষ্য দ্রষ্টব্য।

সম্পূর্ণ বিশুদ্ধভাবে এখনও মুদ্রিত হয় নাই, ঐ সকল মুদ্রিত গ্রন্থের বহুস্থান অসংলগ্ন বলিয়াই প্রতীত হয়। এ পর্য্যন্ত কোন বিশেষবিৎ পণ্ডিত, মেধাতিথির ভাষ্যকে সম্পূর্ণরূপে বিশুদ্ধ করিয়া ছাপাইবার জন্য প্রযত্ন করিয়াছেন বলিয়াও মনে হয় না। এ বিষয়ে গতানুগতিকতাই এখনও চলিয়া আসিতেছে, যে সকল অশুদ্ধি ও অসংলগ্নতা মুদ্রিত মেধাতিথি ভাষ্যে দেখিতে পাওয়া যায়, তাহার সংশোধন করিয়া বিশুদ্ধভাবে মেধাতিথি ভাষ্যের মুদ্রণ বর্ত্তমান সময়ে একান্ত আবশ্যক বলিয়া মনে হয়। বসুমতী-সাহিত্য-মন্দির মেধাতিথির ভাষ্য সংস্কারে যত্নবান হইলেও—প্রাচীন হস্তলিখিত সম্পূর্ণ পুথি দুষ্প্রাপ্য ও দুর্লভ বলিয়া সে সংস্কার সুসম্পূর্ণ হয় নাই। আশা করি, ভবিষ্যতে বসুমতী-সাহিত্য-মন্দিরের কর্ত্তৃপক্ষগণ এই বিষয়ে বিশেষ সতর্কতা অবলম্বন পূর্ব্বক মেধাতিথি ভাষ্যের সামঞ্জস্য-বিধান করিয়া মনুসংহিতার পঞ্চম সংস্করণ প্রকাশ করিতে যত্নবান্ হইবেন।

বসুমতী সাহিত্য-মন্দির হইতে মনুসংহিতার যে বিরাট সংস্করণ প্রকাশিত হইয়াছে, তাহাতে মনুসংহিতার সুপ্রসিদ্ধ কুল্লুকভট্টকৃত টীকাও সন্নিবেশিত হইয়াছে। এই কুল্লুকভট্ট বারেন্দ্রশ্রেণীয় বাঙ্গালী ব্রাহ্মণ-পণ্ডিত ছিলেন। ইনি খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীতে মন্বর্থ-মুক্তাবলী নামে মনুসংহিতার যে টীকা লিখিয়াছেন, তাহা বাঙ্গালীমাত্রের পক্ষেই বিশেষ গৌরবের বিষয়। কারণ, এই টীকা যেমন সরল—তেমনই পাণ্ডিত্যপূর্ণ; মনুর বহু প্রসিদ্ধ পূর্ব্ববর্ত্তী টীকাকারের মত ইহাতে উদ্ধৃত এবং সম্যক্ ভাবে আলোচিত হইয়াছে। এক কথায় বলিতে গেলে বলিতে হয় যে, কুল্লুক ভট্টকৃত মন্বর্থ-মুক্তাবলীর ন্যায় সংক্ষিপ্ত অথচ অপেক্ষিত আবশ্যক বিচারপূর্ণ টীকাগ্রন্থ আর একখানিও রচিত হয় নাই। মনুসংহিতার ব্যাখ্যাগ্রন্থের মধ্যে মেধাতিথির ভাষ্যের পরেই ইঁহার নাম উল্লেখ করিতে হয়, এ কথা বলিলে বোধ হয় অত্যুক্তি হইবে না। কুল্লুকভট্ট একজন অসাধারণ পণ্ডিত ছিলেন, মীমাংসা, ন্যায়, বেদান্ত, ধর্ম্মশাস্ত্র ও ব্যাকরণ প্রভৃতি শাস্ত্রে তাঁহার প্রগাঢ় পাণ্ডিত্য ছিল। বাঙ্গালী স্মার্ত্তকুলগৌরব মহামহোপাধ্যায় রঘুনন্দন ভট্টাচার্য্যও মনূক্ত শ্লোকের তাৎপর্য্য নির্ণয় ব্যাপারে কুল্লুক ভট্ট-কৃত মন্বর্থ-মুক্তাবলীরই সাহায্য গ্রহণ করিয়াছেন। ইহা রঘুনন্দন-কৃত স্মৃতিনিবন্ধেই দেখিতে পাওয়া যায়।

বর্ত্তমান সময়ে আমাদিগের দেশে মনুসংহিতার ন্যায় প্রামাণিক ও অত্যুৎকৃষ্ট ধর্ম্ম-শাস্ত্রের বিস্তৃতভাবে আলোচনা একান্ত আবশ্যক বলিয়া মনে হয়। হিন্দুধর্ম্মের প্রকৃত স্বরূপ জানিতে হইলে মনুসংহিতার সাহায্য সর্ব্বাগ্রে গ্রহণ করিতে হইবে, এ বিষয়ে বোধ হয় কোন অভিজ্ঞ ব্যক্তির মতদ্বৈধ হইবার সম্ভাবনা নাই।

বর্ত্তমান যুগে পাশ্চাত্যভাবে শিক্ষিত ব্যক্তিগণ অনেকেই মনুসংহিতার প্রতি যেরূপ শ্রদ্ধা ও আদর করা উচিত, সেরূপ করেন না। তাঁহারা বলিয়া থাকেন, মনুসংহিতাতে ব্রাহ্মণজাতির শ্রেষ্ঠতা ও গৌরব বহুলভাবে বর্ণিত হইয়াছে। কিন্তু শূদ্র ও অন্যান্য নিম্নস্তরের জাতিসমূহের প্রতি কেমন একটা অবজ্ঞা ও নীচতার ভাব মনুসংহিতাতে বহুলভাবেই হেয় পরিলক্ষিত হইয়া থাকে। সুতরাং বর্ত্তমান সময়ে মনুসংহিতা আলোচনা করিয়া বিশেষ লাভের সম্ভাবনা নাই; মনুসংহিতাতে যে আচার অবশ্য প্রতিপালনীয় বলিয়া লিখিত হইয়াছে, তাহার প্রতি-পালন বর্ত্তমান সময়ে হওয়াও সম্ভবপর নয়; প্রত্যুত সেই সকল আচরণ দেশের মধ্যে পুনঃ প্রতিষ্ঠিত হইলে অভ্যুদয়োন্মুখ হিন্দুসমাজের মধ্যে বিষম বিশৃঙ্খলতার ভাব আসিয়া পৌছিবে, উচ্চ ও নীচবর্ণের মধ্যে বিদ্বেষের বীজ আরও প্রসারিত হইবে; মনুসংহিতায় লিখিত আছে, শূদ্র

চিরদিন শূদ্রই থাকিবে। সে কখনও ধর্ম্মোপদেশ করিবে না, সে যদি বেদাধ্যয়ন করে বা বেদের মন্ত্র তাহার কর্ণে প্রবিষ্ট হয়, তাহা হইলে তাহাকে অতি কঠোর শাস্তিভোগ করিতে হইবে। দ্বিজাতিগণের সেবা ব্যতীত শূদ্রের অন্য কোন কার্য্যই প্রশস্ত নহে, ইত্যাদি।

মনুসংহিতার এইরূপ ব্রাহ্মণপ্রাধান্য ও নিকৃষ্টজাতির প্রতি অবজ্ঞা প্রভৃতির উল্লেখ করিয়া যাঁহারা তাহার প্রতি খড়্গহস্ত হইয়া থাকেন, তাঁহারা যদি ভাল করিয়া মনুসংহিতা অনুশীলন করেন, তাহা হইলে বুঝিতে পারিবেন যে, মনুসংহিতার ন্যায় পক্ষপাতরহিত অত্যুদার ধর্ম্মগ্রন্থ হিন্দুশাস্ত্রের মধ্যে অতি অল্পই দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান সময়ে মনুসংহিতা অনুসারে বড় কেহ চলে না, এ কথা নিঃসঙ্কোচে বলিতে পারা যায়। মনুসংহিতায় ব্রাহ্মণের প্রশংসা যথেষ্ট আছে, ব্রাহ্মণ যে, সকল জাতির প্রধান, তাহাও মুক্তকণ্ঠে মহর্ষি মনু ঘোষণা করিতে সঙ্কোচ বোধ করেন নাই, ইহাও সত্য; কিন্তু যাহার ব্রাহ্মণ্য নাই অর্থাৎ নামমাত্রধারী যে ব্রাহ্মণ, তাহাকে শূদ্র বলিতে মনু অণুমাত্রও সঙ্কোচ বোধ করেন নাই। মনুসংহিতায় যে ব্রাহ্মণের প্রশংসা করা হইয়াছে, সে ব্রাহ্মণ যে হিন্দুসমাজের শিরোরত্ন, তাহা কে না স্বীকার করিবে? মনু বলিয়াছেন—

"যথা কাষ্ঠময়ো হস্তী যথা চর্ম্মময়ো মৃগঃ।
যশ্চ বিপ্রোঽনধীয়ানস্ত্রয়স্তে নাম বিভ্রতি।॥ ১৫৭
যথা ষণ্ডোঽফলঃ স্ত্রীষু যথা গৌর্গবি চাফলা।
যথা চাজ্ঞেঽফলং দানং তথা বিপ্রোঽনৃচোঽফলঃ॥ ১৫৮
যোঽনধীত্য দ্বিজো বেদমন্যত্র কুরুতে শ্রমম্।
স জীবন্নেব শূদ্রত্বমাশু গচ্ছতি সান্বয়ঃ॥ ১৬৮—মনুসং ২য়-অধ্যায়।

"কাঠের গড়া হাতী, চামড়ার মৃগ—যেমন বস্তুতঃ হস্তীও নহে—মৃগও নহে। নামমাত্রেই হস্তী ও মৃগ হয়, সেইরূপ যে ব্রাহ্মণ হইয়াও বেদাধ্যয়ন করে না, সেও ব্রাহ্মণ নামমাত্রই ধারণ করিয়া থাকে। বস্তুতঃ সে ব্রাহ্মণ নহে। (১৫৭)

নপুংসক যেমন স্ত্রীগণের নিকট নিষ্ফল, গাভী যেমন গাভীর পক্ষে নিষ্ফলা, মূর্খ ব্যক্তিকে দান যেমন নিষ্ফল, সেইরূপ বেদাধ্যয়নবর্জ্জিত ব্রাহ্মণও নিষ্ফল হইয়া থাকে। (১৫৮)

যে দ্বিজ বেদাধ্যয়ন না করিয়া অন্য বিষয়ে শ্রম করে, সে জীবদ্দশাতে কুলের সহিত শীঘ্রই শূদ্রতাকে প্রাপ্ত হইয়া থাকে।" ১৬৮

এইরূপ বহু বচন মনুসংহিতার মধ্যে দেখিতে পাওয়া যায়। যাহার দ্বারা বেদাধ্যয়নরহিত ব্রাহ্মণের ব্রাহ্মণ্যই থাকে না, ইহা প্রতিপাদিত হয়, এই সকল বচন দেখিয়া বোধ হয়—মনুসংহিতা ব্রাহ্মণ্যেরই প্রাধান্য স্থাপন করিয়াছে, নামমাত্রধারী ব্রাহ্মণে এবং শূদ্রে যে কোন পার্থক্যই নাই, তাহাও স্পষ্টভাবে নির্দ্দেশ করিয়াছেন। মনু অসবর্ণ বিবাহের বিধি দিয়াছেন। ব্রাহ্মণ শূদ্রস্ত্রী গ্রহণ করিলে সেই শূদ্রস্ত্রীর গর্ভে উৎপন্ন যে পুত্র হইত, সে সাধারণ শূদ্র হইতে উৎকৃষ্ট বলিয়া গণ্য হইত। ব্রাহ্মণ হইতে শূদ্রস্ত্রীতে উৎপন্ন কন্যার ব্রাহ্মণের সহিত যদি বিবাহ হয়, তাহা হইলে তাহার গর্ভে উৎপন্ন যে কন্যা, তাহা ব্রাহ্মণের দ্বারা

পরিগৃহীত হইবেন—এইভাবে সপ্তম শূদ্রকন্যার গর্ভে উৎপন্ন যে পুত্র, তাহার ব্রাহ্মণ্য লাভ হইতে পারে, এরূপ বিধানও মনু দিয়াছেন। মনু আরও বলিয়াছেন—

ধর্ম্মধ্বজী সদালুব্ধশ্ছাদ্মিকো লোকদম্ভকঃ।
বৈড়ালব্রতিকো জ্ঞেয়ো হিংস্রঃ সর্ব্বাভিসন্ধকঃ॥ ১৯৫
অধোদৃষ্টির্নৈষ্কৃতিকঃ স্বার্থসাধনতৎপরঃ।
শঠো মিথ্যাবিনীতশ্চ বকব্রতচরো দ্বিজঃ। ১৯৬
যে বকব্রতিনো বিপ্রা যে চ মার্জ্জারলিঙ্গিনঃ।
তে পতন্ত্যন্ধতামিস্রে তেন পাপেন কর্ম্মণা॥ ১৯৭—মনুসংহিতা ৪র্থঃ।

পরধনে লোলুপ, ধর্ম্মধ্বজী (বহু জনসমাজে ধর্ম্মের বাহ্য আচরণ মাত্র করিয়া যে সর্ব্বদা আপনার ধার্ম্মিকতা প্রচার করে) ছদ্মবেশধারী, লোকবঞ্চক (গচ্ছিত ধনাদির অস্বীকারকর্ত্তা) পরহিংসা পরায়ণ, সর্ব্বাভিসন্ধ, (পরের গুণ সহ্য করিতে না পারিয়া সকলকে তুচ্ছ বলিয়া নির্দ্দেশকারী), ইহাদিগকে বিড়ালব্রতী বলা যায়। ইহাদিগকে দান করিবে না। (১৯৫)

আপনার বিনীততা প্রকাশ করিবার জন্য সতত অধোদৃষ্টি, বিমর্ষভাবাপন্ন, নিষ্ঠুরাচারী, পরের প্রয়োজন খণ্ডন করিয়া স্বার্থসাধনে তৎপর, মিথ্যাবিনীত—ইহাদিগকে বকব্রতধারী বলে। ইহাদিগকে দান করিবে না। (১৯৬)

যে ব্রাহ্মণেরা বকধর্ম্ম ও বিড়ালব্রতধারী, তাহারা সেই পাপে অন্ধতামিস্র নামক নরকে পতিত হইয়া থাকে। (১৯৭)"

মানবের অশুদ্ধতা পরিহারের উপায় নির্দ্দেশ করিতে যাইয়া মনু বলিয়াছেন—

জ্ঞানং তপোঽগ্নিরাহারো মৃন্মনো বার্য্যুপাঞ্জনম্।
বায়ুঃ কর্ম্মার্ককালৌ চ শুদ্ধেঃ কর্ত্তৄণি দেহিনাম্॥—৫অধ্যায় ১০৫।

"ব্রহ্মজ্ঞান, তপস্যা, অগ্নি, বিশুদ্ধ অন্ন, মৃত্তিকা, জল, মনের প্রশস্ততা, বায়ু, গোময়-প্রলেপ, সৎকর্ম্ম, সূর্য্যরশ্মি ও কাল—এই সমস্ত বস্তু মনুষ্যদেহের শুদ্ধির কারণ হইয়া থাকে।" (১০৫)

এই শ্লোকে আত্মজ্ঞান, মনের প্রশস্ততা, বিশুদ্ধ অন্ন, সদাচার প্রভৃতির দ্বারা সকল মানবের দেহই বিশুদ্ধ হইতে পারে, ইহা স্পষ্টভাবে নির্দ্দিষ্ট হইয়াছে। ইহা কেবল ব্রাহ্মণেরই দেহশুদ্ধির কারণ নয়। দেহিগণের অন্তর্গত নীচজাতিরও দেহশুদ্ধির ইহা কারণ না হইবে কেন ?

এইরূপ বহুবচন মনুসংহিতার মধ্যে আছে, বচনের তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে বেশ বুঝিতে পারা যায় যে, মনুসংহিতাকার কোন জাতি-বিশেষের বা বর্ণ-বিশেষের প্রতি পক্ষপাতীও ছিলেন না বা কাহারো প্রতি বিদ্বেষপরায়ণও ছিলেন না।

